আজ কুফরী শক্তি জিহাদের দেয়াল ভেঙ্গে আমাদের অমলীন সভ্যতা-সংস্কৃতির অবয়ব বিকৃত করে ছেড়েছে। ইসলামী সভ্যতা ও সংস্কৃতি বহু দেশ ও সমাজ থেকে আজ বিলুপ্তির পথে। আমাদের সুসমৃদ্ধ অর্থব্যবস্থা পঙ্গু করে আমাদেরকে ওদের দয়ার মুখাপেক্ষি করে রেখেছে। ইসলামের আবশ্যকীয় ইবাদত-বন্দেগীকে ব্যক্তিগত রুচি ও অসহায়ের প্রার্থনা বলে মানুষকে বুঝাচ্ছে। আমাদের দ্বীনি শিক্ষার ভিত্তিমূলে আঘাত করে আলিম সমাজকে সমাজের দ্বিতীয় শ্রেণীর নাগরিক পরিচয়ে চরমভাবে অপমানিত করেছে। এই ডাকাতের দল হামলা করেছে ইসলামের প্রতিটি ক্ষেত্রে, দ্বীনের সকল কেল্লায়।

যখন কারও সংরক্ষক থাকবে না, পাহারাদার থাকবে না, কোন অভিভাবক থাকবে না, তখন তাকে নিয়ে যার যা ইচ্ছা করতে থাকবে। অভিভাবকহীন মুসলিম জাতি আজ 'মালে মুফত' হিসেবে বিশ্ব বাজারে বেচাকেনা হচ্ছে। অনাকাঙ্খিত হলেও যা ঘটার তাই ঘটেছে। কিন্তু যতদিন ইসলামের শক্তিশালী প্রতিরক্ষা ও প্রতিরোধ ব্যবস্থা সক্রিয় ছিল, ততদিন কোন কিশোরীর মাথা থেকে ওড়না ফেলে দেয়ার সাহস কারও ছিল? পৃথিবীর যে কোন প্রান্তের কোন মুসলিম মহিলার ইজ্জাতের হানি হলে তৎক্ষণাৎ ছুটে যেত জানবাজ সেনানির দল। কোন অমুসলিম সাহস পেত মুসলমানের সামনে উচ্চ কণ্ঠে কথা বলার?

এ উপমহাদেশ দখল করে নেয়ার পর ইংরেজ দেখল, আলিম সমাজ তাদের বিতাড়নের উদ্দেশ্যে কার্যকরী তৎপরতায় লিপ্ত রয়েছে-তারা জিহাদের প্রস্তুতি নিচ্ছে। দেখতে দেখতে ইংরেজের সাথে শামেলীর ময়দানে সচেতন আলিম সমাজের যুদ্ধ শুরু হল। এই জিহাদে যোগদানের জন্য উপমহাদেশের শ্রেষ্ঠ আধ্যাত্মিক পুরুষ হাজী ইমদাদুল্লাহ মোহাজেরে মক্কীও কঠিন শপথে জিহাদের বায়'আত গ্রহণ করেছিলেন। তাঁরা এক মুহূর্তের জন্য বৃটিশের শাসন মেনে নেননি।

সাইয়েদ আহমাদ শহীদ (রাহঃ) ও শাহ ইসলমাইল শহীদ (রাহঃ) এর দুর্নিবার জিহাদী তৎপরতা গভীর ভাবনায় নিক্ষেপ করেছিল সাম্রাজ্যবাদী ইংরেজ শক্তিকে। এ ইতিহাস কে না জানে? এই সেদিনও মুসলিম ঘরানার প্রতিটি সন্তান জিহাদের গুরুত্ব সম্পর্কে স্পষ্ট ধারণা রাখত। জিহাদ ও শাহাদাতই মুসলিম জীবনের একমাত্র কাম্য, এর প্রতি ছিলো তাদের নিখাঁদ বিশ্বাস। তাই বৃটিশ অপশক্তি অতি কৌশলে মুসলমানের এই ইস্পাতকঠিন বিশ্বাসে ফাঁটল ধরানোর চেষ্টায় রত হয়। ইংরেজ ভাবল, যতদিন এ চেতনা মুসলিম জীবন ও মানসে অবিকৃত থাকবে ততদিন নিরাপদে এদেশ শাসন করা কঠিন হবে। এই ষড়যন্ত্র বাস্তবায়নে তারা অনুচর হিসেবে ধুর্ত মির্জা কাদিয়ানীকে বেছে নেয়। এবার ইংরেজের প্রত্যক্ষ মদদে উপমহাদেশব্যাপী শুরু হয় কাদিয়ানী তৎপরতা।

এই মির্জা কাদিয়ানী তার কিতাবে লিখেছে ঃ 'আমি বৃটিশ সরকারের স্বপক্ষে ও তাদের খুশী করার উদ্দেশ্যে এত কিতাব লিখেছি যে, পঞ্চাশটি আলমারী ভ়রে যাবে।'

এই ঈমানহারা দুর্ভাগাই মুসলিম মন ও মানসে জিহাদের গুরুত্ব ও প্রয়োজনীয়তার ব্যাপারে ব্যাপকভাবে সন্দেহ ও সংশয় সৃষ্টি করেছে। যখন

শায়খুল হিন্দু মাহমুদুল হাসান (রাহঃ) ইংরেজ তাড়িয়ে সর্বভারতব্যাপী ইসলামী হুকুমত প্রতিষ্ঠার লক্ষ্যে জিহাদের দাওয়াত দিচ্ছিলেন সকল আ-লেম-ওলামাকে সাথে নিয়ে। যখন আম-জনতার মাঝে ইংরেজ খেদাও আন্দোলন সম্পর্কে কেবল সচেতনতা শুরু হয়েছিল, তখন এই বিশ্ব দালাল হাজার হাজার লিফলেট বিতরণ করেছিল এই উপমহাদেশের সকল এলাকায়। সে তাতে লিখেছিল ঃ 'হে মুসলিম সমাজ! তোমাদের উপর জিহাদ ফরয নয়। কেননা তোমরা শক্তি ও সামর্থহীন। আর শক্তি ছাড়া জিহাদ হয় না। উপরন্তু তোমাদের কোন আমিরও নেই। আমির ব্যতীত কখনও জিহাদ করা যায় না।'

এই দুর্ভাগা কাদিয়ানী ও তার সহচররা এই সব ভুল ধারণা এত নিখুঁতভাবে সাধারণ জনতার বিশ্বাস ও চিন্তায় পুশ করেছে এবং দক্ষ মুফতীর মত বিবৃতি প্রকাশ করে বলেছে যে, 'মুসলমানদের মাঝে একাধিক দল দেখা দিলে জিহাদের প্রয়োগ ও কার্যকারীতা মুলতবী থাকে, যতদিন না তারা ঐক্যবদ্ধ কর্মসূচীতে একমত না হবে।'

এ কথার কোন ভিত্তি আছে? এরূপ শত ভুল ধারণা ও সংশয় কাদিয়ানী চক্র মুসলিম মানস-চেতনায় সৃষ্টি করেছে। এর বিষক্রিয়ার ফলে একদল লোকের মুখে শোনা যাচ্ছে, তারা বলছে, জিহাদ ফেরেশ্তাদের কাজ। মানুষের দ্বারা এ কাজ অসম্ভব। যতদিন আমরা ফেরেশতার পর্যায়ে না পৌছব, ততদিন জিহাদ করা যাবে না।

এরা ফেরেশতার পর্যায়ে পৌছতে বয়স শেষ করে মরে যাচ্ছে, কিন্তু জিহাদে অবতরণের সুদিন এদের জীবনে আসছে না। জানি না কবে এদের ঈমান পাকা হবে এবং জিহাদে অবতরণের যোগ্যতা লাভ করবে। অথচ ঈমানের বলিষ্ঠতা ও সমৃদ্ধি অর্জিত হয় জিহাদেরই মাধ্যমে। এই সত্য উপলব্দির সৌভাগ্য তাদের হবে কি?

প্রিয় বন্ধুরা! সাঁতার শিখতে হলে পুকুরে নামতে হয়। তীরে দাঁড়িয়ে ও শুয়ে সাঁতারের শত মহড়া দেখালেও জীবনেও সাঁতার শেখা যাবে না। দাওয়াত ও ওয়াজের মাহফিলে পঞ্চাশ বছরও যদি ঈমান পাকা করার কলা-কৌশল মুখস্ত করান হয়, তাতে আদৌ ঈমান পাকা হবে না। প্রতিপক্ষের একটি বুলেটের শব্দ শুনলে এরা বেহুঁশ হয়ে পড়ে থাকবে, এদের রুখে দাঁড়ানোর হিম্মত হবে না। জীবনভর এভাবে ঈমানের তালিম নিলে কাজ হবে না-যে ঈমান অর্জিত হবে মাত্র দশদিন জিহাদের ময়দানে

ব্যয় করার দ্বারা।

ইসলামের প্রতিপক্ষের গোলার আঘাতে আমাদের বন্ধুদের শরীর টুকরো টুকরো হয়ে বৃক্ষের ডালে ঝুলে থাকে, বোমার আঘাতে দগ্ধ ও বিকৃত হয়ে যায় তাদের অবয়ব। মাইনের আঘাতে পা উড়ে নিক্ষিপ্ত হয় দূরে কোথাও। বিচ্ছিন্ন মাথা পাওয়া যায় না বহু খুঁজেও। আঘাতে আঘাতে কারও অবস্থা এমন হয় যে, চেনা যায় না, কে এই লোকটি? আমরা সেই প্রিয় বন্ধুদের শরীরের বিচ্ছিন্ন টুকরোগুলো জমা করি। তাদেরকে হাতে-কাঁধে তুলে দীর্ঘ পথ পাড়ি দেই। আমাদের মনে আদৌ ভয়ের উদয় হয় না, দুর্বলতাও খুঁজে পাই না। আসলে জিহাদ ঈমানকে বিশেষ এক শক্তি ও বলিষ্ঠতা দান করে, ঈমানকে পাকা করে। জিহাদের ময়দানে আহত মুজাহিদ একথা ভাবে না যে, আমার শরীর ক্ষত-বিক্ষত না অক্ষত। বরং সে ভাবে, দ্বীন নিরাপদ না কি সংকটাপন্ন। জিহাদের ময়দানে প্রতিটি মুজাহিদ আপন জীবন ও শরীর কুরবানী দিয়ে উম্মতের চিন্তার শুদ্ধতা, ঐক্যবদ্ধ প্রতিরোধ গড়ে তোলা ও দ্বীন প্রতিষ্ঠার চেষ্টা করে থাকে। প্রতিটি মুমিনের কাছে আল্লাহ এটাই কামনা করেন।

জিহাদের ময়দানে হযরত হামজা (রাঃ)-এর শরীরকে বিকৃত ও বিচ্ছিন্ন করা হয়েছিল। কাফিররা তার নাক, কান কেটে ফেলেছিল। দ্বীনের জন্য আমরা নাক, কান কাটাতে রাজী হব কি? যদি আমরা এতটুকু কুরবানী দিতে পারি, তবেই আসবে 'ফাতহুম মুবীন'-ইসলামের চূড়ান্ত বিজয়। এ অঙ্গীকার অন্য কারও নয়, মহাপরাক্রমশালী আল্লাহর।

নামাযে আত্মমগ্নতা

অনেকে প্রশ্ন করে, মুজাহিদরা দাড়ি রাখে কি? কিভাবে তারা নামায পড়ে?

আবার অনেকে পান্ডিত্ব জাহির করে বলে, জিহাদ করার জন্য নামায আদায় ও দাড়ি রাখা অন্যতম শর্ত। যারা এসব পালন করে না, তাদের জন্য জিহাদ করা জায়িয নয়।

অথচ নামায ও জিহাদ আলাদা দু'টি ফরয কাজ। একটির সাথে অপরটি কোনভাবে সংযুক্ত ও সম্পর্কিত নয়। অনুরূপ দাড়ি রাখাও একটি একক ওয়াজিব বিধান, অর্থাৎ দাড়ি রাখা, নামায আদায় ও জিহাদ করা সকলের উপর সমানভাবে অপরিহার্য দায়িত্ব হিসেবে বর্তায়। এর একটিও উপেক্ষা করার বিষয় নয়। অতএব তারা কিভাবে চিন্তা করে যে, মুজাহিদ

এসব ব্যাপারে অবহেলা করে? তারা যদি এসে দেখত, মুজাহিদরা কত একাগ্রতার সাথে নামায আদায় করে, তবে অভিভূত হয়ে বলত, মানুষ কিভাবে নামাযে এত আত্মমগ্ন হতে পারে!

তাই কবি যথার্থ বলেছেন ঃ

نماز عشق اداهوتی هے تلواروں کی سائے میں

'আত্মমগ্ন ও একাগ্রতার নামাজ আদায় হয় তরবারীর ছায়াতলে।'

বৃষ্টির মত গোলা বর্ষিত হচ্ছে আর মুজাহিদ নামাজে বলছে ঃ

الحمد لله رب العالمين

'সকল প্রশংসা আল্লাহর, যিনি সৃষ্টি জগতের পালনকর্তা।'

এ সময় আল্লাহর প্রশংসা করতে কত যে মজা ও স্বাদ অনুভূত হয়, তা জিহাদরত মুজাহিদ ছাড়া কারও পক্ষে আন্দাজ করা সম্ভব নয়।

অতপর সে বলছে ঃ

اِهْدِنَا الصِّرَاطَ الْمُسْتَقِيْمَ

'হে আল্লাহ আমাদেরকে সরল পথে পরিচালিত কর, যে পথে পরিচালিত হয়েছে নবী, সিদ্দীক ও শহীদগণ।'

মৃত্যু তার সামনে দাঁড়িয়ে আছে, সে নামায পড়ছে।

একমাত্র এই নামাযেই ইবাদাতের প্রকৃত স্বাদ রয়েছে। তার দৃঢ় বিশ্বাস, জীবন-মৃত্যুর মালিক একমাত্র আল্লাহ। কেননা পতঙ্গের মত উড়ে আসা যে কোন একটি বুলেট এখনই তার জীবনাবসান ঘটাতে পারে। হয়ত এই নামাযরত অবস্থায়ই সে মিলিত হবে পরম করুণাময় আল্লাহর দরবারে।

যদি মুজাহিদরা বে-নামাযী হত, তবে কি তাদের সাহায্যে আকাশ থেকে ফেরেশতা অবতরিত হত? এক রুশ জেনারেল বলেছিলেন ঃ 'মুজাহিদের সাহায্যে আকাশ থেকে ফেরেশতা আগমন করতে আমি স্বচক্ষে দেখেছি।'

এক ফরাসী সাংবাদিক বলেছিলেন ঃ 'আমি আফগানিস্তানে জিহাদের রিপোর্ট সংগ্রহ করতে গিয়েছিলাম। যুদ্ধের ভেতর বহুদিন সে দেশে কাটিয়েছি। দেশে ফিরে ইসলাম গ্রহণ করেছি। আমি মুজাহিদদের আল্লাহকে তাদের সাথে মিলিত হয়ে যুদ্ধ করতে দেখেছি।'

যদি মুজাহিদরা বে-আমল ও বে-নামাযী হত, তবে এত বড় বিজয় ও আল্লাহর ব্যাপক সাহায্য তারা কিভাবে পেল।

আসলে জিহাদ সর্বতোভাবে আত্মার পরিশুদ্ধি ঘটায়। কেননা জিহাদের ময়দানে শয়তানের গমনাগমন অসম্ভব হয়ে দাঁড়ায়। ময়দানে ফেরেশ্‌তাদেরকে দেখে শয়তান দৌড়ে পালায়।

হাদীসে এসেছে, জিহাদরত মুজাহিদদের যে কোন দু'আ আল্লাহর দরবারে নবীদের দু'আর মত কবুল হয়ে থাকে। কেননা জিহাদরত মুজাহিদ রিপুর তাড়নায় প্রভাবিত হয়ে কোন কাজ করে না। আল্লাহর রেযামন্দীর উদ্দেশ্যে জীবন-মৃত্যুর মুখোমুখি দাঁড়িয়ে সে যুদ্ধ করে। এমতাবস্থায় তার মনে পার্থিব স্বার্থ হাসিলের চিন্তা কল্পনাতীত ব্যাপার।

জিহাদের ভিত্তি

অধিকাংশ শহীদের খুন থেকে খোশবু বিচ্ছুরিত হয়; বহুবার এই খোশবু গ্রহণ করার সৌভাগ্য আমার হয়েছে। জিহাদে যোগদানে উৎসাহিত করার পরিবর্তে অনেকে জিহাদে না যাওয়ার যুক্তি ও উপকারিতার কথা বলে আমাকে জিহাদ থেকে বিরত রাখার চেষ্টা করত। তারা বলত, তুমি শহীদ হয়ে গেলে বহু গুরুত্বপূর্ণ কাজ তামাদি হয়ে যাবে। কিন্তু যে লোক শহীদের খোশবুদার খুনের ঘ্রাণ শুঁকেছে, তার পক্ষে জিহাদ থেকে দূরে থাকা কি সম্ভব?

যারা আমাকে রণাঙ্গন থেকে বিরত থাকার পরামর্শ দেয়, তাদের কথা গ্রহণ করা কি করে সম্ভব আমার পক্ষে? উপরন্তু জিহাদে যোগদান করার পর দু'টি বিষয় আমাকে দারুণভাবে আন্দোলিত করেছে ঃ

এক, ওহুদের ময়দানে প্রিয়নবীর (সাঃ) এর রক্তস্নাত হওয়ার বিষয়টি।

দুই, শহীদদের খুনের খোশবু।

আজ যদি কেউ জিহাদের উপকারিতার বিপরীতে হাজারও দলিল পেশ করে, তা গ্রহণ করা আমার পক্ষে আদৌ সম্ভব নয়। যে কাজে প্রিয়নবী (সাঃ) আপন শরীরের রক্ত ঝরিয়েছেন, সে কাজ যে অতীব গুরুত্বপূর্ণ ও সর্বোত্তম তা এখন আমার কাছে দিবালোকের মত পরিষ্কার। এ ব্যাপারে বিন্দুমাত্র সংশয় আমার হৃদয়ের কোথাও নেই।

আমাদের এ জিহাদী আন্দোলন কোন স্বপ্নের উপর ভিত্তি করে গড়ে

উঠেনি। আমাদের এ আন্দোলনের গুরুত্ব কত অপরিসীম, তা অনুধাবন করা যাবে তা দেখলে, যা দিয়ে লিখিত হয়েছে ইসলামের সূচীপত্র, শিরোনাম, ভূমিকা ও পরিচিতি। আর তা হল প্রিয়নবীর (সাঃ) শরীর থেকে ঝরান লাল রক্ত। তাই বলছি, জিহাদ ব্যতীত অন্য কোন উপায়ে যদি ইসলামের মর্যাদা সমুন্নত করা সম্ভব হত, তবে কেন আল্লাহ তায়ালা যুদ্ধের ময়দানে তাঁর আদুরে নবীর রক্ত ঝরাবেন? ইসলামের মর্যাদা সমুন্নত করার জন্য প্রিয়নবী (সাঃ) রক্ত না ঝরিয়ে সহজ কোন পন্থাও ত গ্রহণ করতে পারতেন, যেভাবে আমরা দ্বীনের প্রচার ও প্রতিষ্ঠার জন্য বহু নিরাপদ কৌশল আবিষ্কার করে নিয়েছি!

ইসলাম প্রতিষ্ঠা ও তার মর্যাদা সমুন্নত করার জন্য প্রিয়নবী (সাঃ) রক্ত ঝরাবেন। তিনি জিহাদে মারাত্মক আহত হবেন। আর তার উম্মত গবেষণা করে আবিষ্কার করবে, আমাদের বর্তমান সমস্যার সমাধান করতে হবে জিহাদ ছাড়া অন্য কোন উপায়ে। এ যে কত মারাত্মক ভ্রান্তি তা কাগজে লিখে বুঝান সম্ভব কি?

আমাদের মনে রাখতে হবে, কোন দায়িত্বশীল ব্যক্তির শাহাদাত বরণে জিহাদের মিশন বন্ধ হয় না, বরং আরও বেগবান হয়।

আমি যখন আফগান জিহাদে অংশ গ্রহণ করি, তখন আমাদের কমান্ডার ছিল আবদুর রশীদ (আল্লাহ তার কবরে সর্বক্ষণ রহমত নাযিল করুন)। সে শাহাদাত বরণ করলে এক হৃদয়বিদারক পরিস্থিতির সৃষ্টি হয়। সকলের চেহারায় স্পষ্ট হয়ে উঠেছিল দুঃখবোধের করুণ ছাপ। আমরা দেখলাম, তিনি হাসতে হাসতে মৃত্যুকে বরণ করে নিলেন। তার সে হাসো হাসো মুখ এখনও আমার চোখের সামনে চাঁদের মত ভাসছে।

তখন সকলে আমাকে বল্‌ল, সামনের পরিখায় যেয়ে তুমি তাদের প্রিয় কমান্ডারের শাহাদাতের সংবাদ পৌঁছিয়ে এস। তাদের যেয়ে বল, তোমাদের প্রিয়তম কমান্ডার শহীদ হয়ে গেছে।

সে অত্যন্ত দক্ষ কমান্ডার ছিল। বহুবার সে শত্রুদের গোলাবৃষ্টির মধ্য দিয়ে নিরাপদে সামনে অগ্রসর হয়েছে। এভাবে বহু শত্রুক্যাম্প ও পরিখা সে দখল করেছে। শত্রুরা ভাবতেও পারেনি যে, মুজাহিদরা এত বিপদগ্রস্ত ও সঙ্গীন মুহূর্তে চিতার মত তাদের উপর ঝাপিয়ে পড়ে বিজয় ছিনিয়ে নেবে। গোলাবৃষ্টির মাঝেও তাকে মনে হত যে, সে কোন নিরাপদ পথ দিয়ে সোজা হেঁটে কারও উপর চড়াও হচ্ছে। আক্রান্ত ব্যক্তিরা

ঘুণাক্ষরেও ভাবেনি যে, এ সময় কেউ তাদের উপর চরম আঘাত হানতে পারে।

একবার সে শুধু ক্লাসিনকভ হাতে নিয়ে অত্যাধুনিক অস্ত্রে সজ্জিত সতের জন রুশ সৈনিককে গ্রেফতার করে নিয়ে এসেছিল। শত্রু সেনাদেরকে লক্ষ্য করে সে শুধু উচ্চস্বরে তাকবীর ধ্বনি উচ্চারণ করেছিল। সেই তাকবীর শুনে রুশ সেনাদের মনে ভীষণ কম্পন সৃষ্টি হয়। তারা থর থর কাঁপতে থাকে। ভয়ে কখন তাদের হাত থেকে অস্ত্রগুলো মাটিতে পড়ে গেছে, তা তারা ঠাহর করতে পারেনি।

এই মহান কমান্ডার ক্যাম্পে এসে সাথীদের জন্য চুলায় রুটি পাকাত, ভাত-তরকারি পাকাত। তার বহু স্মৃতি আমার হৃদয় পটে আজও জ্বলজ্বল করে ভাসছে।

তার শাহাদাতের সংবাদ নিয়ে গোলাবৃষ্টির মধ্য দিয়ে সামনের পরিখায় অগ্রসর হলাম, সাথীদেরকে জমা করে কুরআনের আয়াত তেলাওয়াত করে বুঝালাম, প্রিয়নবীও (সাঃ) দুনিয়া থেকে তিরোহিত হয়েছেন। সাহাবীগণ তার শেষ বিদায়ের যন্ত্রণা হজম করেছেন। আজ তোমাদের প্রিয়তম কমান্ডার আবদুর রশীদও দুনিয়ার থেকে বিদায় নিয়ে চলে গেছে। তার এ বিদায় যন্ত্রণা আমাদেরও হজম করতে হবে।

সবাই এ সংবাদ শুনে হতবাক হয়েছিল। সকলের চেহারা মলিনতায় কৃষ্ণবর্ণ ধারণ করেছিল। অবাক তাকিয়েছিল সকলে আমার মুখের দিকে। কারও মুখ থেকে একটি শব্দ বেরুচ্ছিল না।

কমান্ডার আবদুর রশীদ শাহাদাত বরণ করার পর ভেবেছিলাম, আমাদের কাজ বন্ধ হয়ে যাবে। কিন্তু আল্লাহ বলেছেন, শহীদ কখনও মরে না। আবদুর রশীদ শহীদ হয়েছে বটে কিন্তু আল্লাহ তার পরিবর্তে আমাদেরকে দান করলেন বহু আবদুর রশীদ। তারা যখন ময়দানে শত্রুর মুকাবিলায় দৌড়ে ঝাঁপিয়ে পড়ত, আমার মনে হত, আবদুর রশীদ বুঝি দৌড়াচ্ছে। তার পরবর্তী কমান্ডার মৌলভী সাব্বির আহমদ বহুবার প্রিয়নবীকে (সা) স্বপ্নে দেখেছে। সে–ও শাহাদাতবরণ করল। আমরা ভাবলাম, আর বুঝি কাজ চলবে না। কিন্তু তার পরে আল্লাহ আমাদেরকে আরও বহু সুযোগ্য কমান্ডার দান করলেন।

শাহাদাত বরণের কল্যাণে জিহাদী তৎপরতা আরও বেগবান ও শক্তিশালী হয়। শহীদের শরীর সিঞ্চিত রক্তই বাড়ন্ত করে ইসলাম নামক

বৃক্ষটিকে। ইসলাম নামক জ্বলন্ত মশালটি জ্বালিয়ে রাখতে যে তেলের প্রয়োজন, তা-ও ঐ শহীদেরই খুন। এই তেলের ঘাটতি পড়লে মশালটি টিমটিম করে জ্বলতে থাকে। তাই আল্লাহ ইসলামের জীবনের জন্য চান শহীদের খুন। এ খুনের বদলায় তার দরবারে রয়েছে অফুরন্ত নেয়ামত ও মহাপুরস্কার।

ইসলামী বিধান প্রতিষ্ঠায় ত্যাগবরণ

কমিউনিজমের পতন ও ইসলামী বিধানের স্থিতি, প্রতিষ্ঠা ও সংরক্ষণের জন্য পবিত্র মক্কা থেকে শায়েখ উসামা বিন লাদিন এখন ইসলামী আফগানিস্তানের পর্বতঘেরা দুর্ভেদ্য উপত্যকায় কর্মব্যস্ততার মাঝে দিন অতিবাহিত করছেন। পাকিস্তানের ডেরা ইসমাইল খানের জানবাজ কমান্ডার আবদুর রশীদ বিশ্বময় ইসলামের প্রতিষ্ঠা ও মর্যাদা সমুন্নত করার লক্ষ্যেই শাহাদাত বরণ করে ধন্য হয়েছেন। বাংলাদেশের মাওলানা আবদুর রহমান ফারুকী ও মুফতী আবু ওবায়দার শাহাদাত ও সফল কুরবানী বর্তমান ও ভবিষ্যতকালের আল্লাহর সৈনিকদের চির প্রেরণা ও মাইলফলক হয়ে থাকবে। একই প্রেরণায় উজ্জীবিত হয়ে আলজেরিয়ায় তাগুতের সাথে মুজাহিদদের সংগ্রাম চলছে। মিসরের অকুতোভয় মুজাহিদ সৈনিকেরা বাতিলের সাথে প্রতিদিন লড়াই করে যাচ্ছে। বসনিয়ায় মুজাহিদদের বিজয় হয়েছে। চেচনিয়ায় ইসলামের বিজয় ঝান্ডা পত পত করে উড়ছে। পৃথিবীর বিভিন্ন জনপদে ঈমানে বলিষ্ঠ মুজাহিদ কাফেলা অত্যাধুনিক সমরাস্ত্রের সজ্জিত বাতিল ও কুফরের সাথে সম্মুখ সমরে বিজয় ছিনিয়ে আনছে। রাশিয়া-আমেরিকা অবাক হয়ে ভাবছে, এত দক্ষ মুজাহিদ কোথা থেকে আসছে। তাগুদী শক্তি ময়দানে দশদিক থেকে আক্রান্ত হচ্ছে। জমিনের মুজাহিদ ও আকাশের ফেরেশতারা তাদেরকে পেরেশান ও বিদিশা করে তুলছে। ওরা ভেবে পাচ্ছে না, কিভাবে ও কোথায় পাচ্ছে মুজাহিদরা এত সমরাস্ত্র ও সুদক্ষ সৈনিক।

আফগান রণাঙ্গনে তের বছর যুদ্ধের ফলে সোভিয়েত নিঃশেষ হয়ে গেছে সম্পূর্ণরূপে। পৃথিবী থেকে কমিউনিজমের বিলুপ্তি ঘটেছে, ইসলামের সাথে টক্কর খেয়ে ভেঙ্গে চৌচির হয়ে গেছে সোভিয়েত রাশিয়া। তার এখন লবেজান দশা। এখন আছে শুধু তার বেহুদা বাগাড়ম্বরতা। কার্লমার্ক্স ও লেনিন দর্শনের দাফন হয়ে গেছে। কমিউনিজমের শেষ নিশানা পৃথিবী থেকে মুছে যাওয়ার পথে। ওদের বিধ্বস্ত প্রতিমূর্তির গায়ে এককালের লেনিন সতীর্থরা পেশাব করেছে, থুথু দিয়েছে।

অথচ ইসলাম তার মর্যাদা ও স্বাতন্ত্র বজায় রেখে এখনও বিশ্বময় বিজয়ী রূপে প্রতিষ্ঠিত রয়েছে। ইসলামের একটি মোস্তাহাব বিষয়ও বিলুপ্ত হয়নি। শত চেষ্টা করেও এর বিলুপ্তি ঘটাতে পারেনি।

আমরা আদর্শ প্রতিষ্ঠার যুদ্ধ করি, আফগান জিহাদে ষোল লক্ষ লোক শাহাদাত বরণ করলেও কেউ কাঁদেনি। লক্ষ্য কোটি জীবনের বিনিময়ে হলেও আমাদের আদর্শ বেঁচে আছে আপন মহিমায় প্রতিটি মু-মিনের হৃদয়ে, গভীর আস্থার সাথে। কেন কাঁদব আমরা। আমরা কিছুই হারাইনি। বরং আমরা কৃতজ্ঞ। লক্ষ্য জীবন দিয়ে হলেও ইসলামের মহিমা ও মুসলিমের মর্যাদা রক্ষা করতে সক্ষম হয়েছি। তাই মহান আল্লাহর দরবারে জানাই লাখো কোটি শুকরিয়া। প্রার্থনা জানাই, হে আল্লাহ! আমাদের এ কুরবানী তুমি কবুল কর। এর বিনিময়ে দাও উত্তম পুরস্কার।

তাগুদ-রুশ কাঁদছে এবং কাঁদবে। কেননা তাদের ভ্রান্ত মতবাদের অপমৃত্যু ঘটেছে। শত কৌশল ও ঔষধ প্রয়োগ করেও কমিউনিজমকে তারা বাঁচাতে পারেনি। এ ব্যর্থতার জন্য তারা তো কাঁদবেই। সত্য কথা হল, অপ্রাকৃতিক মতবাদ কমিউনিজমের অপমৃত্যু ছিল অবধারিত। বহু দেরীতে হলেও এ সত্য কথাটি তারা বুঝতে সক্ষম হয়েছে বলে আনন্দবোধ করি। তবে এখনও যাদের বুঝে আসেনি তারা আজরাইলের অপেক্ষা করুন।

এরাই আল্লাহর জানাযা মিছিল করেছিল। কিন্তু অবিলম্বে তাদেরই শবযাত্রা পৃথিবীর মানুষ অবাক্ তাকিয়ে দেখল। এরাই জঘন্য স্পর্ধার সাথে দেয়ালে দেয়ালে রঙিন পোস্টার সেঁটেছিলো ঃ "আমরা আকাশের খোদাকে মর্তে নিয়ে আসব"। এরা আকাশের খোদাকে ধূলোর পৃথিবীতে অপসারিত করবে তো দূরের কথা সেই মহান খোদার ক্ষুদ্র ক্ষুদ্র বান্দাদের সাথেই এরা মোকাবেলায় ধরাশায়ী।

প্রিয় বন্ধুরা! আমরা ব্যক্তিস্বার্থ ও মানবগড়া অপ্রাকৃতিক কোন মতবাদ প্রতিষ্ঠায় যুদ্ধ করি না। আমরা খোদায়ী বিধান ও রাসূলের (রাঃ) আদর্শ প্রতিষ্ঠার জন্য যুদ্ধ করি। আমাদের প্রতিটি প্রাণ আল্লাহর সন্তুষ্টির লক্ষ্যে উৎসর্গিত। তাই আমরা প্রতিটি যুদ্ধে লাভ করি আল্লাহর ব্যাপক সাহায্য।

একদিন ওমর ফারুক (রাঃ) মসজিদে নববীতে খুৎবা দিচ্ছেন। তখন তার এক কমান্ডার যুদ্ধ করছিলেন মদীনা থেকে সহস্র মাইল দূরে।

তার নাম হযরত সারিয়া (রাঃ)। প্রচন্ড লড়াই চলছে। এমন সময় তিনি শুনতে পান, কেউ তাকে গম্ভীর কণ্ঠে ডেকে বলছে ঃ

يا سارِيةَ الجبلَ

"সারিয়া ! পেছনের পাহাড়ের দিকে তাকিয়ে দেখ।"

এই আওয়াজ শুনে তিনি তৎক্ষণাৎ পেছনে তাকান এবং দেখেন, শত্রু সৈন্য তাঁর উপর হামলা করার জন্য প্রস্তুত অবস্থায় রয়েছে। এর পূর্বে তিনি তা অনুমান করতে পারেননি। অতঃপর মুসলিম সৈনিকরা তৎক্ষণাৎ শত্রুর উপর হামলা করে তাদেরকে চরমভাবে পরাজিত করে।

তিনি মদীনায় ফিরে আসলে জিজ্ঞেস করা হয়, কেমন ছিল যুদ্ধের অবস্থা? তিনি বল্লেন, আমরা আশংকাজনক অবস্থায় ছিলাম। হয়ত পরাজিত হতাম। প্রচন্ড যুদ্ধ চলছে। শত্রুবাহিনী কৌশলগতভাবে ভাল অবস্থানে ছিল। তারা যে পেছন দিক থেকে আক্রমণ করার প্রস্তুতি নিয়েছে তা কল্পনাও করিনি, তারা পেছন দিক থেকে আমাদের উপর হামলা করে বসবে........। এমন সময় শুনলাম, ওমর (রাঃ) এর কণ্ঠে কে যেন আমাকে ডেকে বলছে, "হে সারিয়া ! পাহাড়ের দিকে তাকাও"।

তার এ কথা শুনে সাহাবীগণ বল্লেন, আমরা তার খুৎবা শুনছিলাম। হঠাৎ তিনি অপ্রাসঙ্গিকভাবে উচ্চশব্দে বল্লেন, "হে সারিয়া! পাহাড়ের দিকে তাকাও।" এভাবে আল্লাহপাক মুজাহিদদেরকে জিহাদের ময়দানে পথ-নির্দেশ ও সাহায্য করে থাকেন।

আল্লাহপাক বাতাসকে মুজাহিদদের অনুগত করে দেন। পানির উপর দিয়ে তারা ঘোড়া দৌড়িয়ে ওপার পৌছেছেন। পশু-পাখী তাদের সাহায্য করে থাকে। এর শত শত প্রমাণ রয়েছে। ইতিহাসের এই জ্বলন্ত সত্যগুলো কে অস্বীকার করবে?

কিন্তু তাগুতের কি সহ্য হয় ইসলামের বিজয়? তাই আফগানিস্তানে মুজাহিদদের বিজয় অর্জনে আমেরিকার মাথা ব্যথা শুরু হয়। তারা ভাবে, ওদেরকে তো আমরা যুদ্ধের-জাহান্নামে নিক্ষেপ করেছিলাম, এই যুদ্ধে ওরা বিজয় লাভ করবে তা ঘুণাক্ষরেও ভাবিনি। উপরন্তু ওদের পরাজয় ও পর্যুদস্ত হওয়া তো দূরের কথা বরং ওরা বিজয়ের নেশায় আগের চেয়ে বহুগুণে সতেজ ও শক্তিশালী হয়েছে। এখন আফগানিস্তানে যুদ্ধে অভিজ্ঞ দশ লাখ দক্ষ মুজাহিদ রয়েছে। পৃথিবীর তাবৎ সুপার শক্তিগুলোর যুদ্ধাভিজ্ঞ সমন্বিত সেনা সংখ্যা দশ লাখ হবে কি? না, পৃথিবীর সকল

দেশের সৈন্য মিলেও দশ লাখ যুদ্ধাভিজ্ঞ সৈনিক হবে না।

আমেরিকাসহ অন্যান্য সকল দেশের সৈনিকরা অস্ত্র চালনা ও নিশানাবাজি শিখে দেয়ালের গায়ে গুলী চালিয়ে। আর আফগান মুজাহিদরা বন্দুক হাতে নিয়ে প্রথম নিশানা পরীক্ষা করে দেখেছে রুশ সেনাদের মাথায় গুলী চালিয়ে। আমেরিকার সেনারা প্রশিক্ষণ নেয় নিরাপদ ময়দানে, স্কুল-একাডেমী ও সবুজ গালিচার চত্বরে। অত্যন্ত ধীরে সুস্থে তারা দেয়ালে নিশানা করে গুলী নিক্ষেপ করে। পক্ষান্তরে মুজাহিদরা গোলা বৃষ্টির মাঝে শত্রু টার্গেট করে হাত পাকা করে। তারা উত্তপ্ত মরু ও বরফাচ্ছাদিত পাহাড়, জঙ্গল ও উপত্যকায় রাত-দিন শত্রুর মুকাবিলায় যুদ্ধ করে অভিজ্ঞতা সঞ্চয় করেছে। তারা বিশ্রাম করে গুহায়, জঙ্গল বা বৃক্ষের নীচে। এই পোড়খাওয়া ও অভিজ্ঞতায় পরিপুষ্ট মুজাহিদদের সাথে ঐ আয়েশী সেনাদের কোনো তুলনা হতে পারে? তাদের কাগুজে জেনারেলদের সাথে সাধারণ এক মুজাহিদকেও ওজন করা চলে?

আমেরিকা এই সত্য উপলব্ধি করে। সে চরম দুঃশ্চিন্তায় প্রতিনিয়ত হাবুডুবু খাচ্ছে। ভেবে কুল পাচ্ছে না, কিভাবে এই অজেয় শক্তিকে দমন করবে। তাই ওরা আল্লাহর লড়াকু সেনাদেরকে মৌলবাদী অভিধায় অভিষিক্ত করছে। নতুবা আমরা আগেও নামায পড়েছি এখনও পড়ি। তখন ত ওরা আমাদেরকে মৌলবাদী বলেনি। অতএব বুঝা যাচ্ছে, আ-মেরিকার ব্যাখ্যায়, আল্লাহর সৈনিক যারা তারাই মৌলবাদী।

ইসলামের চূড়ান্ত বিজয় বেশী দূরে নয়

যে দায়িত্ব সম্পাদনে ইসলাম বিজয়ী হয়, সেই জিহাদ আজ শুরু হয়েছে দেশে দেশে, পৃথিবীর বহু উপত্যকা ও জনপদে জোরদার জিহাদী তৎপরতার কথা শোনা যাচ্ছে। ভারত-কাশ্মীরে জিহাদ শুরু হয়েছে, তাজিকিস্তানে জিহাদ শুরু হয়েছে। জিহাদ চলছে আলজেরিয়া, চেচনিয়া ও আরাকানসহ দুনিয়ার বহু মজলূম মানুষের ভূ-খন্ডে। আজ বিশ্বময় জিহাদী আন্দোলন জোরদার হয়ে উঠেছে। ঈমানদীপ্ত যুবা-তরুণ তার পিতা-মাতা ও ভাই-বোনের মায়া ত্যাগ করে জিহাদে যোগদান করছে। স্ত্রী তার স্বামীকে মুজাহিদ সাজিয়ে ময়দানে পাঠাচ্ছে। জিহাদ ছাড়া যে মর্যাদা প্রতিষ্ঠা ও মুক্তি নেই একথা আজ প্রায় সকলে গভীরভাবে উপলব্ধি করছে। ইসলামের পক্ষে জীবনবাজি রেখে বাতিলের মুকাবিলায় ঝাপিয়ে পড়ে আল্লাহর মদদ লাভের সময় এসেছে।

সারা বিশ্বে পুলিশী ভূমিকায় অবতীর্ণ আমেরিকা এতদিন সবাইকে সোভিয়েত ইউনিয়নের ভয় দেখিয়ে স্বার্থ হাসিলে মত্ত ছিল। কোন দেশে রাষ্ট্রীয় অসন্তোষ দেখা দিলে গায়ে পড়ে পরামর্শ দিত, তোমাদের উপর সোভিয়েত ইউনিয়নের হস্তক্ষেপ ও আগ্রাসন পরিচালনার আশংকা রয়েছে। অতএব সাবধান হও! এমনই এক জুজুর ভয় দেখিয়ে সে মধ্যপ্রাচ্যের দেশগুলোকে বলেছে, তোমরা আমাকে পেট্রোল দাও, আমিই ওদের মুকাবিলা করব। আমাকে এই সব মাল দিলে, সাহায্য করলে আমিই ওদের ঠেকিয়ে রাখব। এসব বলে প্রবঞ্চনা করে এতদিন সে মুসলিম বিশ্ব থেকে খয়রাত কুড়িয়েছে। মুসলিম দেশের সরকারগণ দেরীতে হলেও এখন আমেরিকার ভন্ডামি বুঝতে পেরেছে। দিন দিন পৃথিবী আমেরিকার জন্য সংকীর্ণ হয়ে আসছে। বিবেকবান মানুষ আমেরিকার প্রতি চরম বীতশ্রদ্ধ হচ্ছে। আজ বিশ্ব নেতৃবৃন্দ আমেরিকার অযাচিত মাতুব্বরীর সমালোচনা করছে, ধিক্কার জানাচ্ছে।

যদি কিছুদিন আগেও শত্রুর মুকাবিলায় যুদ্ধ জয়ে আমাদের ভীষণ ভীতি ছিল। এজন্য আমেরিকাকে সবাই কাছে পেতে চাইত এই আশায় যে, তাদের যুদ্ধটা আমেরিকা সেরে দেবে। মুসলিম নেতারা এখন এই ভুলের খেসারত দিয়ে যাচ্ছে। শান্তি প্রতিষ্ঠার ডাক দিয়ে সৈন্য এনে রক্ষক এখন ভক্ষকের ভূমিকায় অবতীর্ণ হয়েছে। কিন্তু সময় আমাদেরকে যুদ্ধে নামিয়ে অভিজ্ঞতা দান করেছে। পৃথিবী এখন অবশ্যই স্বীকার করবে, মুসলমানদের সাথে যুদ্ধ লড়ার দুঃসাহস দেখাবে কে?

আমাদের জীবন প্রিয়নবীর সাহাবীদের আদর্শে গড়ে তুলতে হবে। যুদ্ধে দক্ষতা অর্জন করে সর্বক্ষণ বাতিলের মোকাবেলায় প্রস্তুত থাকতে হবে। মুসলিম দেশের প্রত্যেক সরকার প্রধানকে এ ব্যাপারে আন্তরিক হতে হবে। ইসলাম বিলাসিতার শিক্ষা দেয় না, ইসলাম শিক্ষা দেয় ত্যাগ, বীরত্ব ও বিজয় অর্জনের।

হে যুবক ভায়েরা! এই আমার আহ্বান, এই আমার পয়গাম। বৃটিশ নাগরিকত্ব ও পাসপোর্ট লাভ করে বিলাসিতার শিকার হয়ো না। ইসলাম প্রতিষ্ঠার লক্ষ্যে অন্য মুসলিমদের ন্যায় তোমাদেরও (বৃটেনে অবস্থানরত মুসলিমদের) সমান দায়িত্ব রয়েছে।

সাদা মানুষগুলো ইসলাম বিরোধিতা ও মুসলিম ঘৃণার জঘন্য মানসিকতা নিয়ে রাস্তায় রাস্তায় হাঁটে। তাদের চেহারা দেখলে কুরআনের এই আয়াতটি মনে আসে ঃ

قَدْ بَدَتِ الْبَغْضَاءُ مِنْ اَفْوَاهِهِمْ

'তাদের কথা দ্বারা ইসলাম-শক্রতা প্রকাশ পাচ্ছে।'

وَمَا تُخْفِى صُدُوْرُهُمْ اَكْبَرُ

'এদের মনে যে ঘৃণা ও কালিমা রয়েছে, তা আরও জঘন্য।'

অতএব প্রস্তুতি গ্রহণ কর, জিহাদের ময়দানে ঝাঁপিয়ে পড়।

প্রিয়নবীর (সাঃ) ইনকেলাব

প্রিয়নবীর (সাঃ) দুনিয়া থেকে তিরোধানের পর এই দ্বীনকে দুনিয়ার কোণায় কোণায় পৌঁছানো, দ্বীনে মুহাম্মদীকে দুনিয়ার বুকে প্রতিষ্ঠা, আল্লাহর প্রেরিত কিতাবকে বিশ্বময় বিজয়ী করা, আল্লাহর বিধান কার্যকরীভাবে প্রয়োগের মাধ্যমে বিশ্বমানবতার নিরাপত্তা, শান্তি ও সুস্থিরতা নিশ্চিত করা, আল্লাহর যমীনে আল্লাহর খেলাফত কায়েম করা, রাসূল (সাঃ)-এর জীবনাদর্শকে প্রত্যেকের জীবনের জন্য একমাত্র গ্রহণযোগ্য আদর্শরূপে বরণ করা এবং সাহাবীগণের প্রতি গভীর মমত্ব ও শ্রদ্ধা পোষণ করা সকল মুসলমানের আবশ্যিক নৈতিক দায়িত্ব।

প্রিয়নবী (সাঃ) সর্বশেষ নবী হওয়ার কারণে তার তিরোধানের পর সেই দায়িত্ব অর্পিত হয়েছে উম্মতের আলিমদের উপর। সেই থেকে আজ পর্যন্ত তারা এই দায়িত্ব সুচারুরূপে পালন করে আসছেন। তাই বিশ্বময় প্রতিটি সাচ্চা মুমিনের হৃদয়ে আজও ইসলাম জীবন্ত, সচল ও পূর্ণমাত্রায় কার্যকর।

নবীদের উত্তরাধিকারী

প্রিয়নবী (সাঃ) বলেছেন, আলিমগণ নবীগণের উত্তরাধিকারী। যে উত্তরাধিকার দায়িত্ব বন্টিত হবে দ্বীনের ক্ষুদ্র থেকে ক্ষুদ্রতম বিষয়ের উপর। এ দায়িত্ব পালনে কোন আলিমের সামান্য অবহেলার সুযোগ নেই। এ প্রসঙ্গে একটি কাহিনী বলছি ঃ

কোন এক ব্যক্তি মৃত্যুশয্যায় শায়িত। বহু লোক তাকে ঘিরে বসে আছে। কেউ কাছে বসে তাকে সাহস ও সান্ত্বনা দিচ্ছে, কেউ কলেমা পড়াচ্ছে। এমন সময় তার রূহ দেহ ত্যাগ করে। সে এখন মৃত। এমতাবস্থায় অপর এক ব্যক্তি তার সিয়রে প্রজ্বলিত বাতিটি নিভিয়ে দেয়। কেউ তাকে জিজ্ঞেস করে, বাতিটির খুবই দরকার ছিল, একে গোসল করাতে হবে, কাফন পরাতে হবে, দাফন করতে হবে, কেন তুমি বাতিটি নিভিয়ে দিলে? লোকটি বল্‌ল, এ লোকটি যতক্ষণ জীবিত ছিল ততক্ষণ

এর মালিক সে ছিল, কিন্তু তার মৃত্যুর পরে এখন এর মালিক হয়েছে তার উত্তরাধিকারী। আমরা মৃতের উত্তরাধিকারীদের নিকট থেকে এ বাতিটি জ্বালানোর অনুমতি নেয়নি। তাই বাতিটি নিভিয়ে দিয়েছি।

এই হল উত্তরাধিকারের গোড়ার কথা। তাই প্রিয়নবী (সাঃ) যে দায়িত্ব পালন করে গেছেন, সেই দায়িত্ব অর্পিত হয়েছে আলিমদের উপর। প্রিয়নবী (সাঃ)-এর অনুরূপ নবুওতীর দায়িত্ব পালন করা হল প্রকৃত উত্তরাধিকার ভোগ করার সমান। এই দায়িত্ব পালনের সৌভাগ্য ও সুযোগ দান করে আল্লাহ তায়ালা আলিমদেরকে সম্মানিত করেছেন।

প্রিয়নবীর (সাঃ) দায়িত্ব কী ছিল?

আল্লাহ তায়ালা রাসূলকে (সাঃ) সমগ্র পৃথিবী থেকে জুলুমের উৎখাত, নিরাপত্তা প্রতিষ্ঠা, ইনসাফ কায়েম এবং প্রতিটি মানুষকে আল্লাহর সাথে পরিচিত করে তুলতে, বিশ্বময় কুরআন-হাদীসের আলো উদ্ভাসিত করতে, বস্তু ও প্রকৃতি পূজারীদের কপাল আল্লাহর সামনে ঝুঁকাতে, পৃথিবীর মানুষকে সহস্র কৃত্রিম খোদার দাসত্ব থেকে মুক্ত করে ইসলামের ইনসাফের ছায়ায় আশ্রয় দিতে এবং প্রতিটি মানুষকে সৃষ্টির আরাধনা-বন্দনার ভ্রান্ত বিশ্বাস থেকে নিষ্ক্রান্ত করে এক আল্লাহর প্রিয় বান্দায় পরিণত করতে তাঁকে প্রেরণ করা হয়েছে। এসব ছিল তাঁর দায়িত্ব।

সত্যের পয়গাম

এই সেই মহান দায়িত্বভার, যা তিনি হেরা গুহা থেকে প্রাপ্তির পর পালন শুরু করেছিলেন। যে মহান দায়িত্ব পালনে তাঁকে কখনও সাফা পাহাড়ে, কখনও আবী কায়েস পর্বতে, কখনও ওকবার আস্তানাসমূহে; আবার কখনও দেখা গেছে তায়েফের সবুজ জনপদে, কখনও কোন খোলা মাঠে, কখনও সাওর গুহার উপরে, কখনও দেখা গেছে শত্রুর মুকাবিলায় মুখোমুখি যুদ্ধের ময়দানে, কখনও ওহুদের রণাঙ্গনে, কখনও হুনাইনের যুদ্ধে, কখনও মক্কা, কখনও মদীনা, কখনও তাবুক ও হুদায়বিয়ায়। এভাবে সর্বত্র সর্বক্ষেত্রে তিনি মানুষকে বুঝাচ্ছিলেন, সবাই এক আল্লাহর দাসত্ব কর; আমরা কোন মানুষকে একমাত্র আল্লাহ ব্যতীত দ্বিতীয় কারও দাসত্ব বরণ করতে দেব না, মানুষ মানুষের গোলামী বরণ করতে পারে না; যখন মানুষ আল্লাহর দাসত্ব বরণ করবে, তখনই তার সাথে আল্লাহর গভীর সম্পর্ক স্থাপিত হবে। এভাবে সাধারণ মানুষ পরিণত হবে সোনার মানুষে। জান্নাত তার জন্য অবধারিত হয়ে যাবে।

প্রিয়নবী (সাঃ) আল্লাহর প্রতিটি বিধান পালনের লক্ষ্যে ইসলামী খেলাফত ও ইসলামী শাসনব্যবস্থা প্রতিষ্ঠার জন্য বহু ত্যাগ ও কুরবানী বরণ করেছিলেন। মিথ্যাকে পরাভূত করে সত্য প্রতিষ্ঠাই ছিল তাঁর জীবনের পরম লক্ষ্য। এ লক্ষ্য অর্জনে তিনি শতভাগ সফল হয়েছিলেন। সত্যের দাওয়াত নিয়ে তিনি যে কারও দরজায় কড়া নেড়েছেন, সত্যের প্রয়োজনে অশংকচিত্তে তিনি যে কোন কাজ সম্পাদন করেছেন, কোন শংকা ও অলসতা তাঁকে স্পর্শ করতে পারেনি এ মহান দায়িত্ব পালনে। এ মহান লক্ষ্য অর্জনে কোন বাধা তাঁকে অবদমিত করতে পারেনি। অজস্র পাথর নিক্ষেপে তাঁকে রক্তাক্ত করা হয়েছে, তবুও তিনি পিছু হটেননি। পাথরের আঘাতে রক্তস্নাত হয়েছেন, তবুও তিনি আপন মিশন ত্যাগ করেননি। কাফিরের আঘাতে দাঁত ভেঙ্গে গেছে, তবুও কোন নিরাশা তাঁর উপর ভর করার সুযোগ পায়নি। কোন আঘাত, আক্রমণ, যন্ত্রণা ও ষড়যন্ত্র তাঁকে দুর্বল ও অবদমিত করে রাখতে পারেনি। আপন চাচাকে শত্রুরা কেটে সত্তর টুকরো করেছে, তবুও নিরাশা তাঁকে ঘিরে রাখতে সক্ষম হয়নি।

তাঁকে বর্ণনাতীত নির্যাতনে জর্জরিত করা হয়েছে। ঘৃণ্য ষড়যন্ত্রে তাঁর সচ্চরিত্রা স্ত্রীর অমলিন আঁচল মিথ্যা অপবাদে মলিন করেছে ঐ কাফির-মুনাফিক গোষ্ঠী। কত অসহনীয় ছিল সেই মিথ্যা অপবাদ। প্রিয়নবীকে (সাঃ) দমন করতে ব্যর্থ হয়ে তারা ষড়যন্ত্রের কালো হাত বাড়িয়েছিল তাঁর ঘর ও ঘরনীদের প্রতি। এই ঘৃণ্য ষড়যন্ত্রের কথা কল্পনা করা যায় কি? কোন মানুষ সহ্য করবে তার পূত চরিত্রের মা, বোন ও স্ত্রীর প্রতি কেউ মিথ্যা অপবাদ আরোপ করলে? এমন জঘন্য চারিত্রিক ষড়যন্ত্রের কথা শুনলে মানুষ কেঁপে উঠে, এর প্রতিশোধে তারা লংকাকাণ্ড ঘটিয়ে ছাড়ে; কিন্তু এমন সঙ্গীন আপত্তিকর বিষয়েও প্রিয়নবী (সাঃ) সম্পূর্ণ নীরব, নিস্তব্ধ ছিলেন। তিনি একটুও বিচলিত হননি। এসব আঘাত তাঁর লক্ষ্যের পথে আদৌ কোন প্রভাব বিস্তার করতে পারেনি। চরম সংকটও তাঁকে বিন্দু পরিমাণ কক্ষচ্যুত করতে সফল হয়নি। তিনি ছিলেন প্রতি মুহূর্তে আপন মিশন বাস্তবায়নে বেগবান ও আপোসহীন।

শারীরিক সুস্থতার সময়ে যেভাবে তিনি দাওয়াতের কাজে নিরলস ছিলেন, অসুস্থতার সময়েও দুর্বলতা তাঁকে ঘরে আটকে রাখতে পারেনি। এই হল আমাদের প্রিয়নবী হযরত মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম। তাই মাত্র তেইশ বছরে ইসলামের বিজয়ী সেনাদল ছিনিয়ে

এনেছিল রোম ও পারস্য সম্রাটদের রাজসিংহাসন। মাত্র কয়েক বছরে এরাই অলংকৃত করেছিল বিশ্ব নিয়ন্ত্রণের শ্রেষ্ঠ আসন।

হযরত ওমর ফারুক (রাঃ)-এর খেলাফতের সময় থেকে নিয়ে হযরত মু'আবিয়া (রাঃ)-এর শাসনকাল পর্যন্ত পৃথিবীর অর্ধেকেরও বেশী দেশ ও ভূমির তাঁরাই ছিলেন একচ্ছত্র নিয়ন্ত্রক। দ্রুত ইসলামের বিস্তার ঘটেছিল পৃথিবীর এ-প্রান্ত থেকে ও-প্রান্ত পর্যন্ত। কোন শক্তি তাদের রুখে দাঁড়ানোর দুঃসাহস দেখায়নি। যেখানেই তাঁরা বিজয় পতাকা উড্ডীন করেছে, সেখানেই মানুষ দলে দলে ইসলামের শীতল ছায়ায় আশ্রয় নিয়ে নিজেদের ধন্য করেছে। এভাবে আফ্রিকা বিজয় করেছেন মূসা বিন নুসাইর, আমর বিন 'আসের হাতে বিজয় ঘটেছে মিসর, সিন্ধু বিজয় করেছেন মুহাম্মদ বিন কাসিম (রাহঃ)। যাঁরা প্রমাণ করে দেখিয়েছেন, সমাজ, রাষ্ট্র ও পৃথিবীর শান্তি, নিরাপত্তা ও সম্মানের একমাত্র পথ ও পন্থা হল জিহাদ- একমাত্র জিহাদ। ইসলামের মর্যাদা, আল্লাহ্ ও তাঁর রাসূলের (সাঃ) বিধান, ইসলামী শাসন– সমাজব্যবস্থা প্রতিষ্ঠার একমাত্র পথ হল এই জিহাদ।

ইসলামী শাসন প্রতিষ্ঠায় আমাদের দায়িত্ব

আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর দায়িত্ব পালন করে বিদায় নিয়ে চলে গেছেন। তিনি তাঁর বিদায় হজ্বের ভাষণে স্পষ্টাক্ষরে বলেছিলেন, আমি পৌঁছিয়েছি কি? বারবার তিনি একথা বলে উপস্থিত সকলের সাক্ষ্য গ্রহণ করেছিলেন। সেদিন সকলে একবাক্যে বলেছিলেন, "হে আল্লাহর রাসূল (সাঃ)! দ্বীনের সকল বিষয় আপনি আমাদের নিকট পৌঁছিয়েছেন।"

রাসূলের (সাঃ) রক্তঝরা ইসলামের বর্তমান অনুসারী ও উম্মতের আজ অবস্থা কী? তারা আজ গুরুত্বপূর্ণ ফরজ দায়িত্বই আদায় করছে না। শতকরা পাঁচজন মুসলমান নিয়মিত নামায পড়ে না। বিশাল বিশাল মসজিদগুলো সব ফাঁকা। পক্ষান্তরে অন্যায় ও অপরাধের আড্ডা সরগরম। উপচে পড়া ভীড় দেখা যায় নিষিদ্ধ সব পল্লী, গৃহ ও এলাকায়। প্রিয়নবীর (সাঃ) প্রিয় সুন্নাত পালনকে পশ্চাদপদতা ও ঘৃণার দৃষ্টিতে দেখা হয়। হারাম সুদের কারবার এতই ব্যাপক যে, কেউ এর নখরাঘাত থেকে বাঁচার ইচ্ছা করলেও সে বাঁচতে পারবে না–এ সুদী নখর তাকে রক্তাক্ত করবেই। মুসলমানদেরকে আজ বাধ্য করা হচ্ছে হারাম সুদ ব্যবহার ও ভক্ষণ করতে।

এক শ্রেণীর নামসর্বস্ব মুসলমান ইসলামী বিধান-ব্যবস্থাকে মধ্যযুগীয় বলে তারস্বরে গালি দিচ্ছে। তারা বলতে চায়, বিংশ শতাব্দীতে ইসলাম নাকি অচল।

আজ মুসলমানরা কুরআনের তরজমা-তাফসীর দূরের কথা কুরআনের আয়াত দেখেও পড়তে জানে না। অধিকাংশ মুসলমান আজ আল্লাহর কালামের সাথে আদৌ কোন সম্পর্ক রাখে না। অথচ প্রতিটি মুসলিমের দায়িত্ব হল আপন জীবনকে কুরআন ও হাদীসের আলোকে উজ্জ্বল করে তোলা। এই আলো ও উজ্জ্বলতার অভাবেই আজ মানব জীবন ও সমাজ জাহেলিয়াতের ঘন অন্ধকারে ঘেরা। এই জাহেলিয়াতকে তারা বলছে সভ্যতা। বিবেক বিকৃতির এর চেয়ে সরস কোন উদাহরণ ইতিহাসের পাতায় খুঁজে পাবে কি?

মুসলিম দেশগুলোতে মুসলমানের অভাব নেই, অভাব শুধু ইসলামের আদর্শ অনুসারীর। বাংলাদেশ ও পাকিস্তানে মুসলমানের সংখ্যা কোটি কোটি। কিন্তু এসব দেশে ইসলাম প্রতিষ্ঠিত নয়। শিক্ষাব্যবস্থায় ইসলাম নেই, প্রশাসন ও বিচারব্যবস্থা সম্পূর্ণ ইসলামমুক্ত। কোথাও কুরআনের হুকুম কার্যকর নয়, বরং কুরআনের স্থান দখল করে আছে ইংজেরদের আইন। এর চেয়ে জঘন্য লজ্জার কথা আর কী হতে পারে বলুন!

মহামান্য আদালতের মাননীয় কোন জজকে যদি বলা হয়, জজ সাহেব! আপনার ফয়সালা কুরআনের অমুক আয়াতের সাথে সাংঘর্ষিক, তবে সেই জজ সাহেব অবজ্ঞার হাসি হেসে বলবে, না মোল্লাজি, কুরআনের কথা বলার জায়গা আদালত নয়, ওসব কথা মসজিদে গিয়ে বলুন। এই হচ্ছে বর্তমান মুসলিম দেশগুলোর বাস্তব চিত্র। আজ কুরআনকে আদালত থেকে বিদায় করে দেয়া হয়েছে, সংসদ-সংবিধান থেকেও কুরআনকে বিতাড়িত করা হয়েছে; অথচ আল্লাহর দ্বীন প্রতিষ্ঠার অকুতোভয় মুমিনরা এখনও গাফেলীর ঘুমে বিভোর। কবে ভাঙ্গবে তোমাদের ঘুম!

আমরা দিন দিন হীনমন্যতার গভীর আঁধারে ডুবে যাচ্ছি। আজ আমলদার মুসলমানকে পথেঘাটে কটুক্তি করা হয়, প্রিয়নবীর (সাঃ) উত্তরাধিকারী আলিম-উলামা ও তালিবে ইলমকে মসজিদের মোল্লা বলে ব্যঙ্গ করা হয়। তাদেরকে বলা হয় মধ্যযুগীয় বর্বর ও প্রগতি, আধুনিকতার

এক নম্বর প্রতিবন্ধক। বাজার থেকে হেঁটে গেলে কিছু লোক আছে, যারা আলিমকে দেখলে তাঁদের প্রতি অপমানজনক বাক্য ছুড়ে দেয়, বিভিন্ন ইঙ্গিত-আকারে তাদেরকে অপমানিত করে। দাড়ি ও সুন্নাতী পোশাককে তথাকথিত আধুনিকতাবাদীরা জংলীপনা বলে গালি দেয়। রমযান মাসে কোন আলিম যদি কোন দোকানে কাপড় কিনতে যায়, তবে তাঁকে দেখেই দোকানী বলবে, 'আমাদের যাকাত দেয়া শেষ, চলে যান।' এরা মনে করে, যাকাত আদায় করাই আলিমদের কাজ। তাদের এই মানসিকতার জন্য আমরাই অনেকাংশে দায়ী। আমরা ব্যবসায়ীদের কাছে চাঁদার জন্যই যাই এবং চাঁদার উপর নির্ভর করে মাদ্রাসা চালাই। মাদ্রাসা পরিচালনায় এর চেয়ে সম্মানজনক কোন পথ কি নেই?

আমাদের কাজ কি চাঁদা আদায় করা? যাকাত ও কুরবানীর চামড়া ছাড়া কি মাদ্রাসা চলে না? যাকাত আদায়ের থলে নিয়ে ঘোরায় অভ্যস্ত করা হচ্ছে কেন ছাত্রদের? ভিক্ষা করার জন্যই কি তাদের জীবন? মানুষের কাছে হাত পেতে দান গ্রহণ করাই কি আমাদের পেশা? অথচ পৃথিবী দান গ্রহীতাকে ঘৃণা করে; এই ঘৃণার শিকার আজ তালিবে ইলম ও আলিম সমাজ। এসব কারণে তারা আজ চরমভাবে হীনমন্যতায় ভুগছে। তালিবে ইল্‌মরা মাদ্রাসার বাইরে গেলে মাথার টুপি খুলে পকেটে রাখে। ওস্তাদদের বিশেষ তাকিদ সত্ত্বেও ছাত্ররা দাড়ি মুণ্ডন করে, ছোট করে রাখে। অনেক ছাত্র আজ দাড়ি রাখা লজ্জা ও নোংরামি মনে করে।

কেন সৃষ্টি হয়েছে মাদ্রাসা ছাত্রদের মাঝে এই হীনমানসিকতা? কেন মুসলমানরা নামায আদায় করে না? ইচ্ছা থাকা সত্ত্বেও কেন আমরা সুদের সয়লাভ থেকে রক্ষা পাচ্ছি না? সুদ খেতে কেন আমরা বাধ্য হচ্ছি? সম্মানিত আলিম সমাজ কেন আজ অমর্যাদা ও হীনমন্যতার শিকার? মুস-লমানদের এই সামগ্রিক গ্লানিকর পরিস্থিতির প্রতিকার কি, তা খুঁজে বের করতে হবে অবশ্যই। তাই আমাদের আশ্রয় নিতে হবে পবিত্র কুরআন ও হাদীসের পাতায়।

করাচীর অভিজাত ক্লিফটন এলাকার রাস্তা দিয়ে জনৈক মাওলানা সাহেব হেঁটে যাচ্ছিলেন। তখন বহু যুবক-যুবতী সেখানে স্ফূর্তিতে মেতে ছিল। তাদের মধ্য থেকে এক যুবতী মদের বোতল খুলে দৌড়ে এসে মাওলানা সাহেবের মুখে দাড়িতে ঢেলে দিয়ে চলে যায়। এভাবে আলিমরা পথে-ঘাটে লাঞ্ছিত হচ্ছে প্রতিদিন।

লাহোরে আমাদের সাংগঠনিক সভায় একবার এমন এক কাশ্মিরী উপস্থিত হয়েছিলেন, যিনি ছিলেন প্রথম শ্রেণীর সরকারী কর্মচারী। হৃদয়ের দহন ও যন্ত্রণায় সব ছেড়ে পাকিস্তান হিজরত করেছেন। কাশ্মীরে মুসলমানদের অবস্থার বিবরণ শোনানোর সময় কান্নায় বারবার তার বাকরুদ্ধ হয়ে যায়। এক পর্যায়ে তিনি বলেন, কথাগুলো বলতে যদিও আমার জিহবা আড়ষ্ট হয়ে আসছে, তবুও বলতে বাধ্য। নতুবা কাশ্মীরের মুসলমানরা কেমন আছে, তা আপনারা উপলব্ধি করতে পারবেন না। আমি এ জন্যই বলছি, যাতে এ ঘটনা শোনার পর মুসলিম উম্মাহ এ ব্যাপারে যথাযথ পদক্ষেপ গ্রহণ করে, তারা যেন গভীরভাবে অনুধাবন করতে পারে, কী ঘটছে কাশ্মীরের জনপদে, প্রতিটি পরিবারে ও ঘরে।

তিনি বলেন, ইসলামের প্রাথমিক যুগে বর্বর আবু জাহেলের জঘন্য নির্যাতনের শিকার হয়েছিলেন হযরত সুমাইয়া (রাঃ)। আবু জাহেল তাঁর জননেন্দ্রিয়ে বর্শা ঢুকিয়ে চরম নিষ্ঠুরতার সাথে তাঁকে শহীদ করেছিল। এর চেয়ে বহুগুণ বেশী অত্যাচার চলছে আজ কাশ্মীরের মা-বোনদের উপর। বড়ই করুণ আজ কাশ্মীরের অবস্থা।

একটি ঘটনা শুনুন। এক মুসলিম পরিবারে ভারতীয় সেনারা প্রবেশ করে। প্রথমে তারা ঘরের পুরুষদেরকে বেঁধে ফেলে। এবার এক যুবতীকে তাদের সামনে উলঙ্গ করে। শক্ত রশিতে বাঁধা হয়েছে যুবতীর বাপ ও ভাইকে। তাদের চোখের সামনে ঘটে যাচ্ছে এই নারকীয় কাণ্ড। উলঙ্গ যুবতীর জননেন্দ্রিয়ে বন্দুকের নল ঢুকিয়ে গুলী করে সেখানেই তারা তাকে শহীদ করে। এর আগে বাপ-ভাইয়ের সামনে তার উপর যে পাশবিক বলাৎকার করা হয়েছে, তা বলতে মুখ আটকে যাচ্ছে। একথা বলে তিনি হু হু করে কেঁদে ফেলেন।

এসব ঘটছে যুদ্ধরত কাশ্মীরে। এসব ঘটছে আজ আযাদীর সংগ্রামরত প্রতিটি মুসলিম জনপদে। আমাদের দেশেও কি এসব পাশবিকতা কম ঘটছে? বিভিন্ন কৌশলে মুসলিম নারীদেরকে উলঙ্গ-অর্ধনগ্ন করা হচ্ছে। যৌবন ও শরীর বিক্রেতাদের সংখ্যা দিন দিন বৃদ্ধি পাচ্ছে। চার বছরের মেয়ে শিশু পর্যন্ত নরপশুদের যৌন লালসার শিকার হচ্ছে। অথচ এটি মুসলিম দেশ। এভাবে দিন দিন ইজ্জত-সম্ভ্রম ও মর্যাদা লুটে খাচ্ছে ভেতর-বাইরের হায়েনার দল। তবুও নেতা-নেত্রীরা আল্লাহর আইনের আশ্রয় নেবে না। আলিম-উলামাকে আহ্বান করে এ কঠিন সমস্যার সমাধান প্রার্থনা করবে না, মাদ্রাসাগুলোর উন্নয়নে মনোযোগ

দেবে না। কেননা তারা জানে, যদি ইসলামী আন্দোলন হয়, ইসলাম প্রতিষ্ঠার জিহাদ সূচিত হয়; তবে তা এই মাদ্রাসা থেকে শুরু হবে। এরাই এর নেতৃত্ব দেবে। আর যদি ইসলাম কায়েম হয়, তবে এই দূরাচারদের কঠোর বিচার হবে, তাদের মাথা গোজার ঠাঁই হবে না এই জনপদে। তারা জানে, মাওলানা আরসালান খান রহমানী, মাওলানা জালালুদ্দীন হক্কানী ও মোল্লা মোহাম্মদ ওমর এই মাদ্রাসারই ছাত্র-শিক্ষক। তারা জিহাদে অবতীর্ণ হলে বিজয় অর্জন করেই তবে ক্ষান্ত হবে। তাই ওরা চরম আক্রোশে মাদ্রাসা বন্ধ করার চক্রান্তে লিপ্ত হয়েছে। ওদের এই হীন চক্রান্ত অবশ্যই ব্যর্থ হবে।

ওরা ইসলামকে নিয়ে উপহাস করে। ইসলাম সম্পর্কে মানুষের মনে কুধারণার সৃষ্টি করে।

ইসলামকে হেয় ও সমালোচিত করার কুমতলবে কোথাও বলা হয়, কোন গাড়ী চালক দুর্ঘটনা ঘটালে ইসলামী বিচার ব্যবস্থা অনুযায়ী তাকে একলক্ষ পঁচাত্তর হাজার টাকা জরিমানার বিধান রয়েছে। আবার তারাই বলে এ বিচার অমানবিক, মানা অসম্ভব।

ইসলামী বিচার ব্যবস্থার হাজার হাজার সুন্দর বিষয়গুলো বাদ দিয়ে এরা গাড়ী চালকের দুর্ঘটনার বিষয়টি নিয়ে বিকৃত ব্যাখ্যায় মেতে উঠেছে। ইসলামের সৌন্দর্য আদৌ এদের চোখে পড়ে না।

কেন শুধু গাড়ী চালকের দুর্ঘটনার বিষয়টি ইসলামের নামে প্রয়োগ করা হচ্ছে? তা-ও আবার বিকৃতরূপে? এর উদ্দেশ্য হল, ইসলাম সম্পর্কে সাধারণ মানুষের মনে কুধারণার সৃষ্টি করা।

যদি এদের উদ্দেশ্য সৎ হত, তবে জাতীয় এসেম্বলীসহ রাষ্ট্রের সর্বক্ষেত্রে ইসলাম প্রতিষ্ঠায় উদ্যোগী হওয়া বাঞ্ছনীয় ছিল। যদি এদের উদ্দেশ্য সৎ হত, তবে কেন তারা বিচারব্যবস্থা ইসলামী বিধানের আলোকে প্রণয়ন করছে না? কেন সচিবালয় ইসলামী আদর্শের আলোকে পরিচালিত হচ্ছে না? কেন শিক্ষা ও অর্থ ব্যবস্থায় এখন ইসলাম অনুপস্থিত?

আসলে গাড়ী চালকদের উপর ইসলামের নামে এই বিচার চাপিয়ে দেয়ার উদ্দেশ্য হল, এর বিরোধিতায় তারা অবশ্যই হরতাল করবে, রাস্তা অবরোধ করবে, ব্যাপক ভাংচুর চালাবে। তখন শাসকগোষ্ঠী ইসলাম অনুরাগী লোকদেরকে আঙ্গুল উঁচিয়ে বলবে, দেখ, চরম সভ্যতার এ যুগে মধ্যযুগীয় ইসলামী আইন প্রয়োগ করা সম্ভব নয়, উপরন্তু ইসলামের বিধানাবলীতে সংশোধনী গ্রহণ করা একান্ত দরকার।

ইসলাম সম্পর্কে মূর্খদের কি জঘন্য উপহাস!

এসব হল আলিম-উলামা, তালিবে ইল্‌ম ও ইসলাম অনুরাগী লোকদের একঘরে, কোণঠাসা করে রাখার জঘন্য হাতিয়ার। এদের মসজিদ ও মাদ্রাসায় বন্দী করে রাখার এক অপকৌশল। এই ইসলাম বিরোধী ক্ষমতাসীন চক্র জানে, যদি এরা ইসলাম প্রতিষ্ঠায় ময়দানে ঝাঁপিয়ে পড়ার সুযোগ পায়, তবে ওদের রক্ষা নেই। তাই ওরা ইসলাম বিরোধিতায় যোগ করছে নতুন নতুন মাত্রা ও কৌশল।

এই অপকর্মের প্রতিকার কি?

আমরা কি নীরবে এসব অপকর্ম সহ্য করে নিরাপদে পৃথিবী থেকে বিদায়ের শেষ সময়ের জন্য অপেক্ষা করব? আমরা কি এমন মুসলমান হয়ে থাকব যে, নামে মুসলমান বটে, কিন্তু কলেমাটাও জানা থাকবে না? যে কুরআন আমাদের জন্য নাযিল করা হয়েছে, সে কুরআন না বুঝেই কি আমরা কবরের পথে যাত্রা করব? ভেবে দেখেছি কি, কোথায় হবে আমাদের শেষ ঠিকানা?

পবিত্র কুরআনে আল্লাহ তায়ালা এ জটিল সমস্যার সুন্দর সমাধান ব্যক্ত করেছেন এবং যারা কলেমা লা-ইলাহা ইল্লাল্লাহ্-এর নিঃসীম শক্তি হৃদয়ে ধারণ করে, তাদেরকে স্পষ্ট বলে দেয়া হয়েছে, তোমাদের বহু শত্রুর মাঝে এক জঘন্য শত্রু রয়েছে, যার নাম হল, 'কাফির'। এই কাফির গোষ্ঠীর সর্বক্ষণের চেষ্টা হল, তোমাদেরকে ইসলামের আদর্শ থেকে বিচ্যুত করা। কাফিরের দিন-রাত চেষ্টা হল, কিভাবে তোমাদের কাফির বানান যায়, অথবা কিভাবে তোমাদের ঈমানহীন বা নামেমাত্র মুসলমানে রূপান্তরিত করা যায়।

এই কাফির গোষ্ঠীর সংশ্রব থেকে তাই তোমাদের নিরাপদ দূরত্ব বজায় রাখা একান্ত বাঞ্ছনীয়। খোলা ময়দানে এদের সকল অপচেষ্টার মোকাবেলা করা জরুরী দায়িত্ব। যদি তোমরা এদের সাথে বন্ধুত্ব ও সৌহার্দ্য বজায় রেখে চল, তবে এরা অবশ্যই তোমাদের নিশ্চিহ্ন ও পরাজিত করেই ক্ষান্ত হবে।

তাই আমরা যখন ইসলাম বিরোধী ও কাফির গোষ্ঠীর মুকাবিলায় রুখে দাঁড়ানোর শিক্ষা ত্যাগ করেছি। তখন থেকে তারা মুসলমানদের গোলামে পরিণত করার চেষ্টায় রত হয়েছে, এ চেষ্টা ও কৌশলে তারা এখন চরম সাফল্য অর্জন করেছে। ফলে মুসলিম শক্তি দিন দিন গৌরব ও

বীর্যহীন হয়ে পড়ছে। পৃথিবীর সকল সম্পদ, যা আল্লাহ তা'আলা তাঁর অনুরক্ত বান্দা মুসলমানদেরই ব্যবহারের জন্য দান করেছেন, যে পৃথিবীর বৈধ উত্তরাধিকারী একমাত্র মুসলিম জনতা, সেই যমীন ও সম্পদ কাফিররা দখল করে নিয়েছে। আমাদের পেট্রোলিয়ামের বিশাল মওজুদ আজ কাফিররা নিয়ন্ত্রণ করছে। এখন তারা মুসলিম দেশগুলোর মানচিত্র ছিনিয়ে নিতে এগিয়ে আসছে। এভাবে তারা মুসলমানদেরকে চরম দারিদ্রের শিকার করে চির গোলাম বানাতে চাচ্ছে।

মুসলমানদেরকে গোলামে পরিণত করার চক্রান্ত

উত্তর পাকিস্তানের চল্লিশ হাজার মুসলমান শুধু এ কারণে ভ্রান্ত কাদিয়ানী ধর্মমত গ্রহণ করে কাফির হয়েছে যে, কাদিয়ানীরা তাদেরকে এক জোড়া করে জামা-পাজামা দান করেছে।

উত্তর উজিরিস্তানের চিত্রাল ও গিলগিতের লাখ লাখ মানুষ ইসলামী ধর্মবিশ্বাস ত্যাগ করে আগাখানী ধর্ম গ্রহণ করেছে এ কারণে যে, আগাখান তাদের জন্য হাসপাতাল তৈরি করে তাদের বিশেষ উপকার করেছে। (এ দেশের খৃস্টান মিশনারী ও ইসলাম বিরোধী এনজিওদের টোপ গিলে ইতিমধ্যে লক্ষ লক্ষ মুসলমান যে আপন নির্মল ইসলামী বিশ্বাস বিসর্জন দিয়েছে, তা এখন কাউকে চোখে আঙ্গুল দিয়ে দেখিয়ে দেয়ার প্রয়োজন নেই) এভাবে অভাবের তাড়নায় দেশে দেশে মুসলমানরা অতি সহজে আপন ধর্মবিশ্বাস ত্যাগ করে কাফির হয়ে যাচ্ছে। বিশ্বের সকল কুফরী শক্তি একজোট বেঁধে সর্বশক্তি দিয়ে চেষ্টা করে যাচ্ছে, যেন মুসলমানরা আর্থিকভাবে স্বচ্ছলতা লাভ করতে না পারে।

ওরা মুসলিম আলিম-উলামা ও নেতৃবৃন্দের মাঝে অনৈক্যের বীজ বপণ করেছে। আলিমদের প্রতি সাধারণ জনতাকে বীতশ্রদ্ধ করে তুলেছে। ইসলামী শিক্ষামূলক অনুষ্ঠান ও ওয়াজ মাহফিলে বসে আলিমদের মূল্যবান বক্তব্য শুনার প্রতি দারুণভাবে অনুৎসাহিত করছে। ফলে দেখা যাচ্ছে, আ-লিম-উলামা ও সাধারণ জনতার মাঝে বিরাট দূরত্ব সৃষ্টি হচ্ছে।

যখন মুসলিম জনতা আলিমদের থেকে দূরে থাকবে, তখন তারা ইলম থেকে বঞ্চিত হবে। ইলম থেকে বঞ্চিত হওয়ার ফলে তারা ইসলাম ও দ্বীন থেকে ছিটকে পড়বে। দ্বীনের সাথে মুসলমানের দূরত্ব সৃষ্টি হওয়ার ফলে তারা কাফিরের শিকারে পরিণত হবে। প্রতিটি মুসলিম দেশে ওরা এই একই প্রক্রিয়ার কাজ করছে। মুসলমানের হৃদয় থেকে ইসলামী

বিশ্বাস নির্মূল করার লক্ষ্যে যত উপকরণ দরকার, তা সবই ওরা অতি সস্তায় সরবরাহ করে যাচ্ছে। মুসলমানের ঘরে ঘরে ওরা টেলিভিশন ঢুকাতে সক্ষম হয়েছে। যারা ঘরে টেলিভিশন তুলেছে, কিছুদিন পর তাদের ঘরে ভিসিআর দেখা যাচ্ছে, যা মুসলমানের ঈমান-ইজ্জত ও লজ্জাকে ধী-রলয়ে নিঃশেষ করে দিচ্ছে। এভাবে ঈমান ধ্বংসের উপকরণকে ওরা সহজলভ্য করে তুলেছে। ফলে দিন দিন মুসলমানরা ঈমানহারা হচ্ছে, মুসলমানরাই এখন ইসলাম বিরোধিতায় কাফিরের চেয়েও মুখ্য ভূমিকা পালন করছে। এ দুঃখ গোপন করার কোন উপায় আছে?

ইসলামী আদর্শ বাস্তবায়ন সকল সংকট থেকে উত্তরণের একমাত্র অবলম্বন

আল্লাহর কসম, আজ যদি আমরা কাফিরের বেড়াজাল ভেঙ্গে ইসলামী আদর্শ কায়েম করি, তবেই আমরা হালাল উপার্জনে সক্ষম হব। তখনই আমরা নামাযের মাঝে যথার্থ স্বাদ পাব, নামাযের মধ্যেই আমাদের সাথে আল্লাহর সম্পর্ক উপলব্ধি করতে পারব, সুদ-ঘুষের অভিশাপ থেকে মুক্তি পাব। সমাজে আলিমদের মর্যাদা প্রতিষ্ঠিত হবে। তাদের মজলিসে এক মুহূর্ত বসে লোক নিজেকে সৌভাগ্যবান মনে করবে। আলিমের নসীহত শুনে মানুষ নিজেকে সোনার মানুষে পরিণত করার সুযোগ পাবে।

ইসলামী সমাজব্যবস্থা প্রতিষ্ঠিত করা হল সকল সমস্যা ও সংকটের সমাধান। সামাজিক রোগ-ব্যাধির একমাত্র সফল চিকিৎসা হল ইসলামী আদর্শ কায়েম করা।

কে কায়েম করবে ইসলামী সমাজব্যবস্থা? আল্লাহর নবী (সঃ) নিজে এই সমাজ ব্যবস্থা কায়েম করেছিলেন। এখন তা কায়েম করবে তারই উত্তরসূরী আলিম-উলামা। আর এই ইসলামী সমাজ ব্যবস্থা কায়েমের মাধ্যম সম্পর্কে আল্লাহ তা'আলা জিহাদে অবতীর্ণ হওয়ার জন্য তাগিদ দিয়েছেন, যাতে ব্যবহার করতে হয় তরবারী ও সামরিক সরঞ্জাম। কেননা জবাহ করার মাধ্যমে পশুর শরীর থেকে অপবিত্র রক্ত বের করতে যেভাবে চাকুর দরকার হয়, ঠিক সেভাবে জিহাদের মাধ্যমে সমাজ থেকে কাফির-মুনাফিকদের অপসারিত করার দরকার হয়। চাকুর ব্যবহার ছাড়া যদি একটি মুরগীকেও পবিত্র করা না যায়, তবে কিভাবে সম্ভব তরবারীর ব্যবহার ছাড়া একটি সমাজকে পবিত্র করা? না সম্ভব নয়। তাই চাকু

ব্যবহার করে মুরগী জবাহ্ করা যেমন নিয়ম ও উচিত কাজ, ঠিক তেমনি ইসলাম প্রতিষ্ঠার লক্ষে তরবারী ব্যবহার করা অত্যাবশ্যক ও আল্লাহর নির্দেশ। এ নিয়মের কোন বিকল্প নেই।

একজনের শরীরে ক্যান্সার হয়েছে। চরম আশংকা দেখা দিয়েছে, এই ক্যান্সার তার সারা শরীর আক্রান্ত করবে। তাকে ডাক্তারের কাছে নেয়া হল। ডাক্তার বল্‌ল, তাকে অপারেশন করতে হবে- ক্যান্সারের ক্ষতস্থান চাকু দিয়ে কেটে পরিষ্কার করতে হবে। তখন যদি বলা হয়, ডাক্তার সাহেব! আপনি বিদ্যান ব্যক্তি, কেন আপনি চাকু দিয়ে মানুষের শরীর কাটার কথা বলছেন? ডাক্তার সাহেবকে ও-ভাবে বলা ঠিক না ভুল হবে? অবশ্যই ভুল হবে। উপরন্তু ডাক্তার সাহেবের নৈতিক দায়িত্ব হল ক্যান্সারের ক্ষতস্থান কেটে পরিষ্কার করা, নতুবা দায়িত্ব পালনে অবহেলার কারণে সে অপরাধী সাব্যস্ত হবে। এর দ্বারা বুঝা গেল, প্রয়োজনে ধারাল চাকু দিয়ে শরীর কেটে ফেলাও প্রশংসনীয় ও নৈতিক দায়িত্ব। অতএব, কেন বলা হয় যে, আলিম-উলামা ও মুজাহিদরা কেন ক্লাশিনকভ ও যুদ্ধ জিহাদের কথা বলে?

শাহ্ ওয়ালী উল্লাহ মুহাদ্দিস দেহলভী (রাঃ) হুজ্জাতুল্লাহিল বালেগায় লিখেছেন, 'যে কারও আমল শেষ হতে পারে, কিন্তু মুজাহিদের আমল শেষ হবে না। সে তার আমলের সওয়াব পাবে কিয়ামত পর্যন্ত, সে যে এলাকা বিজয় করবে, সে যে এলাকায় ইসলাম প্রতিষ্ঠায় জিহাদ করবে, কিয়ামত পর্যন্ত সে এলাকার মুসলমান যতগুলো ফরজ, ওয়াজিব, সুন্নাত ও মুস্তাহাব আমল আদায় করবে, প্রত্যেক মুজাহিদ তার সওয়াব পেতে থাকবে।'

তাই মুজাহিদদের প্রতি আল্লাহ তা'আলা তার মমত্ব প্রকাশ করে বলেন ঃ

اِنَّ اللّٰهَ يُحِبُّ الَّذِيْنَ يُقَاتِلُوْنَ فِىْ سَبِيْلِهِ صَفًّا كَاَنَّهُمْ بُنْيَانٌ مَّرْصُوْصٌ -

'আল্লাহ তাদেরকে ভালবাসেন, যারা তাঁর পথে সারিবদ্ধভাবে লড়াই করে। যেন তারা সীসাঢালা প্রাচীর।' (সূরা ঃ সফ – আয়াত ঃ ৪)

যারা আল্লাহ-প্রেমের দাবী করে, তারা আল্লাহর ভালবাসা পেতে হলে যুদ্ধ ও জিহাদে ঝাঁপিয়ে পড়।

কোথাও মুজাহিদকে আল্লাহ তা'আলা ওলী বলে আখ্যায়িত করেছেন, এবং বলেছেন ঃ

وَكَأَيِّنْ مِّنْ نَّبِيٍّ قَاتَلَ مَعَهُ رِبِّيُّوْنَ كَثِيْرٌ –

'আর বহু নবী ছিল, যাদের সাথে আল্লাহর ওলীগণ তাদের অনুবর্তী হয়ে জিহাদ করেছে।' (সূরা ঃ আলে ইমরান ঃ আয়াত – ১৪৬)

জিহাদে রয়েছে সম্মান

জিহাদে অবতীর্ণ ও জিহাদ বিজয়ের পর আলিমগণ মর্যাদা ও গুরুত্বের দাবীদার হবে, তাঁরা মহাসম্মানীয়রূপে বিবেচিত হবে। আলিম-উলামা জিহাদের মাধ্যমে সম্মানার্জনের চিন্তা না করলেও আল্লাহ তাদেরকে সম্মান দান করবেন এবং দ্বীন আপন মহিমায় সুপ্রতিষ্ঠা পাবে, এর চেয়ে মুসলমানের জন্য বড় পাওয়া কী হতে পারে?

প্রিয়নবীর (সঃ) দ্বীনকে পৃথিবীর বুকে প্রতিষ্ঠিত করা প্রতিটি মুসলমানের ফরয দায়িত্ব। আল্লাহর কিতাব কুরআনকে রাষ্ট্রীয়ভাবে প্রতিষ্ঠিত করা আমার ও আপনার সকলের উপর ফরয।

যেমন প্রিয়নবী (সাঃ) মিহরাবে দাঁড়িয়ে ইমামতি করেছেন, তেমনি বদরের ময়দানে সেনাপতির দায়িত্ব পালন করেছেন। এভাবে প্রত্যেক আলিমের কর্তব্য দ্বীন প্রতিষ্ঠায় আপন দায়িত্ব পালন করা। নতুবা এই ফরয পালন না করার ফলে কী জবাব দিবে আল্লাহর কাছে?

জিহাদে রয়েছে সম্মান, প্রভাব ও মর্যাদা। আফগান জিহাদের প্রসিদ্ধ কমান্ডার মাওলানা ইউনুস খালেস আমেরিকা গেলে প্রথমবার তিনি প্রেসিডেন্ট রিগ্যানের সাথে দেখা করেননি। দ্বিতীয়বার রিগ্যানের সাথে গুরুত্বপূর্ণ সাক্ষাৎ হলে তিনি তাঁর দোভাষীকে বলেন, তুমি তাকে বল, "সে যেন এখনই ইসলামের কলেমা পাঠ করে মুসলমান হয়ে যায়। এবং তাকে বল, এতেই তোমার জন্য উভয় জগতের কল্যাণ নিহিত রয়েছে। তুমি যদি কলেমা পড়, তবে তুমি তো সওয়াব পাবেই, উপকৃত হবেই, উপরন্তু তোমার কারণে যেসব আমেরিকান ইসলাম গ্রহণ করবে, তাদের সওয়াবও তুমি পাবে। তুমি যদি কলেমা না পড়, ইসলাম গ্রহণ না কর, তবে তুমি আল্লাহর অভিশম্পাতপ্রাপ্ত হবে, তোমার কারণে আর যারা ইসলাম গ্রহণ করা থেকে বঞ্চিত হল, তাদের পাপেরও তুমি অংশীদার হবে।"

দোভাষী মাওলানার দাওয়াত অক্ষরে অক্ষরে মিঃ রিগ্যানের সামনে তুলে ধরল। রিগ্যান মাথা ঝুঁকিয়ে তার পাশে বসে বললেন, 'আশ্চর্য ব্যক্তিত্ব! আমরা তাদেরকে সাহায্য দিচ্ছি, আর তারা কিনা আমাদেরকেই ইসলামের দাওয়াত দিচ্ছে!' কথাগুলো বিড়বিড় করে বললেন মিঃ রিগ্যান।

কেউ তাঁকে জিজ্ঞেস করেছিল, মাওলানা, আপনি কী উদ্দেশ্য নিয়ে আমেরিকার প্রেসিডেন্টের সাথে সাক্ষাৎ করেছিলেন? তিনি বলেন, 'আমি একজন আলিম, প্রিয়নবীর (সঃ) উত্তরাধিকারী। তিনি তৎকালীন পৃথিবীর বিখ্যাত সব বাদশাহকে ইসলাম গ্রহণের দাওয়াত দিয়েছিলেন। কেয়ামতের দিন আল্লাহর প্রশ্নের সম্মুখীন না হই যে, মৌলভী ইউনুস খালেস! তুমিও তো বোখারী পড়েছিলে, নবীর দাওয়াত সম্পর্কে অবগত ছিলে। তুমি কি নবীব এই কর্মসূচীটি পালন করেছিলে? সুযোগ পেয়েও রিগ্যানকে ইসলামের প্রতি দাওয়াত দিয়েছিলে?

আমি এই প্রশ্নটি মনে রেখে নবী (সঃ)-এর মহান সুন্নাত পালনে সাহসী হয়েছি, যেভাবে প্রিয়নবী (সঃ) ইসলাম গ্রহণ করার দাওয়াত দিয়েছিলেন কায়সার ও কেসরাকে।'

এই অসামান্য সাহস ও মর্যাদা তারাই বুকে লালন করে, যারা ইসলামের জন্য অকাতরে খুন দিতে পারে। আল্লাহর নিকট রয়েছে এদের সীমাহীন মর্যাদা ও বেহেশতের সুউচ্চাসন।

প্রিয় বন্ধুরা! আল্লাহর সন্তুষ্টি ও সান্নিধ্য লাভের আশায় আমাদেরও প্রিয়নবীর (সাঃ) অনুসরণ করতে হবে। নবীর (সাঃ) প্রতিটি সুন্নাত জীবন-বাজি রেখে পালন ও প্রতিষ্ঠা করতে হবে। মুসলমান হিসাবে আমাদেরও সমরাস্ত্র ও তরবারী চালনা শিখতে হবে, যেভাবে প্রিয়নবী (সাঃ) তরবারী চালিয়েছেন। আমাদের সমর-সজ্জায় সজ্জিত হয়ে জিহাদে ঝাঁপিয়ে পড়তে হবে, যেভাবে প্রিয়নবী (সাঃ) কাফির-মুশরিক ও ইসলাম বিরোধীদের মোকাবেলায় তরবারী হাতে ময়দানে ঝাঁপিয়ে পড়ে বিজয় অর্জন করেছিলেন। আমাদের শাহাদাত-বরণের আকাংখা পোষণ করতে হবে, যেভাবে শাহাদাতের আকাংখা পোষণ করতেন প্রিয়নবী (সাঃ)।

ইসলামী বিপ্লব ও বিজয়ের জন্য আমাদেরও জিহাদের পথেই অগ্রসর হতে হবে, যে জিহাদ–বিজয়ের মাধ্যমে প্রিয়নবী (সাঃ) ইসলামকে যমীনের বুকে প্রতিষ্ঠা দান করেছিলেন।

আল্লাহ আমাদের সকলকে জিহাদে অংশগ্রহণ ও শাহাদাত বরণের সৌভাগ্য নসীব করুন এবং বিশ্বময় ইসলামের বিজয় দান করুন।

জিহাদের বায়‘আত

لَقَدْ رَضِيَ اللّٰهُ عَنِ الْمُؤْمِنِيْنَ اِذْ يُبَايِعُوْنَكَ تَحْتَ الشَّجَرَةِ فَعَلِمَ مَا فِيْ قُلُوْبِهِمْ فَاَنْزَلَ السَّكِيْنَةَ عَلَيْهِمْ وَاَثَابَهُمْ فَتْحًا قَرِيْبًا

“আল্লাহ মুমিনদের প্রতি সন্তুষ্ট হলেন, যখন তারা বৃক্ষের নীচে আপনার কাছে শপথ করল। আল্লাহ অবগত ছিলেন যা তাদের অন্তরে ছিল। অতঃপর তিনি তাদের প্রতি প্রশান্তি নাযিল করলেন এবং তাদেরকে আসন্ন বিজয় পুরস্কার দিলেন।”

এ আয়াতে একটি বিশেষ ঘটনার প্রতি ইঙ্গিত রয়েছে, যাকে ‘বায়‘আতে রিদ্‌ওয়ান’ বলা হয়ে থাকে। ইসলামী ইতিহাসের এ বৈশিষ্ট্যমণ্ডিত ঘটনাটি ষষ্ঠ হিজরীতে সংঘটিত হয়েছিল। তখন হুজুর (সাঃ) এক স্বপ্ন দেখে সে অনুযায়ী চৌদ্দশত সাহাবীকে সাথে নিয়ে কুরবানীর পশুসহ ওমরা পালনের উদ্দেশ্যে মক্কার পথে রওয়ানা হয়েছিলেন।

মক্কার মুশরিকরা ছিল মুসলিম শত্রুতায় অন্ধত্বের শিকার। তারা পথিমধ্যে এই হজ্ব কাফেলার রাস্তা আগলে দাঁড়াল। অথচ হজ্ব যাত্রীদের হয়রানি করা ও পথ আগলে রাখা ছিল চরম অন্যায় ও অনিয়ম। তাদেরকে এ সফরের উদ্দেশ্য বুঝিয়ে বলার জন্য প্রিয়নবী (সাঃ) হযরত ওসমানকে (রাঃ) মক্কা পাঠালেন। তিনি মক্কার মুশরিকদের বুঝাবেন যে, তারা কেবল ওমরা পালনের উদ্দেশ্যে মক্কায় এসেছে, কোন যুদ্ধ সংঘটন ও মক্কা দখ-লের ইচ্ছা তাদের নেই। তারা ওমরা পালন শেষে চলে যাবে।

আর যে সকল মুসলমান এখনও মক্কার বসবাস করছেন, তিনি তাদেরকে এ সুসংবাদ জানাবেন যে, অতিসত্বর আল্লাহর পক্ষ থেকে তাদের জন্য অসম্মানজনক জীবনের অবসান ঘটিয়ে নিরাপদ ও সম্মানজনক পরিস্থিতি সৃষ্টি করা হচ্ছে।

অতঃপর হযরত ওসমান (রাঃ) মক্কায় পৌঁছলে মক্কায় মুশরিকরা তাকে আগলে রাখে। এদিকে লোকের মুখে ব্যাপকভাবে শোনা যাচ্ছিল যে, হযরত ওসমানকে শহীদ করে ফেলা হয়েছে।

একজন মুসলমানের রক্তের মূল্য

এবার বিষয়টি একজন মুসলমানের রক্তের মূল্য আদায়ের পর্যায়ে এসে দাঁড়িয়েছে। আপনারা জানেন, একজন মুসলমানের রক্ত, জীবন ও মর্যাদার মূল্য আল্লাহর নিকট অত্যন্ত বেশী।

হাদীসে বর্ণিত হয়েছে ঃ

"যদি কা'বার সকল ইট বিক্রি করা হয় (অথচ কা'বার একখানা ইটের মূল্য আদায়ের সামর্থ পৃথিবীর কারও নেই) তবুও একজন মুসল-মানের ইজ্জতের সমান তার মূল্য হবে না।"

আল্লাহর নিকট মুসলমানের মর্যাদা কল্পনাতীত বেশী।

আমাদের সমাজে এসব বিষয় অতি মামুলী হিসেবে বিবেচিত হয়ে থাকে, কোথাও একজন প্রতিনিধি পাঠানো হল এবং সে নিহত হল; সামান্য প্রতিক্রিয়া, অতঃপর সব নীরব। আমাদের দেশে হাজার হাজার মানুষ মরে গেলেও সামান্য অনুশোচনা পরিলক্ষিত হয় না অধিকাংশের মনে। লাখো মানুষের ইজ্জত লুণ্ঠিত হলেও হৃদয়ে বিন্দু পরিমাণ ব্যথা অনুভূত হয় না।

কিন্তু তিনি ছিলেন আল্লাহর নবী, তাঁর সাথে ছিলেন সাহাবা কিরাম; তারা গভীরভাবে উপলব্ধি করতেন, আমাদের কাউকে যদি কেউ অন্যায়ভাবে হত্যা করে, আর যদি তার প্রতিশোধ গ্রহণ করা না হয়, তবে এ জীবনের মূল্য থাকে কি। কি মর্যাদা অবশিষ্ট থাকে মুসলিম হয়ে বেঁচে থাকার?

আজ যদি এক মুসলিমের রক্ত ও জীবন এভাবে এত সস্তায় বিকিয়ে যায়,তবে কাল যেখানে সেখানে মুসলমানকে হত্যা করতে কেউ এতটুকু ইতস্তত করবে না। যে কেউ যখন তখন মুসলমানের ইজ্জত নিয়ে ছিনিমিনি খেলবে। তামাশাচ্ছলেও তারা মুসলমানের গর্দান উড়িয়ে দিতে থাকবে। তরবারীর তেজ পরীক্ষা করে দেখার সখ হল, ব্যস মুসলমানের ঘাড়ে মেরে দিল। এমনি এক অমর্যাদাকর পরিস্থিতির শিকার হবে সকল এলাকার মুসলমানরা। অতএব এখনই এর প্রতিবিধান দরকার। এমন

অবস্থায় আমরা নীরব থাকতে পারি না। এমন যুলুমকে আমরা বরদাশত করতে পারি না। আমরা সমাজ থেকে এমন অপরাধকে নির্মূল করেই ক্ষান্ত হব। যদি এ অপরাধকে নির্মূল করতে আমাদের মরতেও হয়, তবে আমরা সে মরণকেই বরণ করে নেব; কিন্তু জালিমকে রেহাই দেয়া যাবে না।

তীরের আঘাতে ক্ষত-বিক্ষত হয়েছেন, তখনও সিপাহসালারের ভূমিকায় দৃঢ়পদ ছিলেন। যখন লোকেরা তাকে ও তার গোত্রের লোকদেরকে বন্দী করে রেখেছিল, তখনও তার ইচ্ছা ও সাহসিকতায়

সামান্য ভাটার টান দেখা যায়নি। আজীবন তিনি যুদ্ধ করেছেন ইসলাম বিরোধী সকল প্রকার অপশক্তির মোকাবেলায়।

বন্ধুরা আমার! নবীজীর সেই দৃঢ়তা থেকে শিক্ষা নাও। আর তার অন্তিমকালের সে সিদ্ধান্ত ও অভিযানের কথা ভুলে যেও না। তখন তিনি হযরত ইবনে যায়িদের নেতৃত্বে সিরিয়া অভিমুখে এক মুজাহিদ কাফেলা প্রেরণ করলেন। নবীজী তার উত্তরাধিকার সম্পদস্বরূপ ইল্মের পরে যা রেখে গেছেন, তাহল লৌহবর্ম, তরবারী ও বর্শা। নবীর রেখে যাওয়া এই উত্তরাধিকার সম্পদ তোমার হাত থেকে যারা ছিনিয়ে নিতে চায়, তাদের হাত ভেঙ্গে গুড়িয়ে দাও। বুকে ধরে এ সম্পদ তোমরা আলগে রেখো চিরকাল।

কখনও ভুলবে না, নবীজীর উত্তরাধিকার সম্পদ দুটি ঃ এক. ইলম, দুই. হাতিয়ার।

তরবারীর সাথে সখ্য

তোমাদের হাতে যতদিন ঝলমলে তরবারী থাকবে, কেউ পারবে না তোমাদের পদানত ও পরাজিত করতে। তবেই তোমরা কদম কদম এগিয়ে যাবে নেতৃত্ব ও সম্মানের শীর্ষ সোপানের দিকে। যেদিন তোমাদের হাত থেকে তরবারী খসে পড়বে, মনে করবে, সেদিন এ জাতির পতন ঘটল।

জঙ্গলের পশুও যদি নিজের নিরাপত্তার কথা ভুলে বসে, তবে অপর কোন হিংস্র জানোয়ার মাংস ভোজনের খাহেশ মিটাতে তার উপর আক্রমণ করে বসবেই। সাধারণ পশুও তার নিরাপত্তার প্রশ্নে আদৌ উদাসীন থাকতে পারে না। সর্বক্ষণ তাকে সতর্ক থাকতে হয়, পাছে কেউ আক্রমণ চালিয়ে তার জীবন বিপন্ন করে না তুলে। পৃথিবীর যে কোন প্রাণী আপন নিরাপত্তার বিষয়ে যখন ঔদাসিন্যের শিকার হবে, তখন আর সে শান্তি ও সম্মানের সাথে বেঁচে থাকার দাবী করতে পারে না। যে কোন সময় তার উপর প্রতিপক্ষ শক্তির আক্রমণ হতে পারে। যা বিপন্ন করে তুলবে তার ইয্যাত ও জীবনকে।

বন্ধুরা! আল্লাহর নবীর চেয়ে দ্বীনী কাজে কারও বেশী ব্যস্ততা ছিল না। এ উম্মতের জন্য তার চেয়ে অধিক দরদীও আর কেউ হবে না। সেই

দরদী নবী তার প্রিয় উম্মতের নিরাপত্তা, প্রতিরক্ষা ও আত্মিক চিকিৎসায় জিহাদের পথই গ্রহণ করেছিলেন। শত ব্যস্ততার মাঝেও সেই দরদী নবী মাথায় শিরস্ত্রাণ ও গায়ে বর্ম পরে তরবারী হাতে ঘোড়ার পিঠে চড়ে রণাঙ্গনে ছুটে গিয়েছেন।

আমার প্রিয় মুসলিম ভায়েরা! মেসওয়াকের সুন্নাতের প্রতি যেমন আপনার আমার আন্তরিকতা রয়েছে, অনুরূপ তরবারীর সুন্নাতের প্রতিও আপনার আমার আমল ও গুরুত্ব থাকা একান্ত জরুরী। পাগড়ী নবীর সুন্নাত, এতে সন্দেহ নেই। অনুরূপ এ কথাও নির্দ্বিধায় স্বীকার করতে হবে, শিরস্ত্রাণ পরাও নবীরই সুন্নাত।

বিজয়ী নবীর আচরণ

আল্লাহর নবী বিজয়ীর বেশে মক্কায় প্রবেশ করলেন, যে মক্কা থেকে এক দিন তিনি নির্বাসিত হয়েছিলেন, আজ তিনি বর্ম আর শিরস্ত্রাণ পরে ঘোড়ার পিঠে চড়ে কাঁধ পর্যন্ত ঝুলন্ত ঝাকরা বাবরী দুলিয়ে এক অপূর্ব ভঙ্গিমায় মক্কায় প্রবেশ করলেন। কা'বা ও মক্কাকে প্রতিমা, প্রতিমামণ্ডপ ও শিরকের মলিনতা থেকে পবিত্র করে কয়েকজন দাগী অপরাধীকে হত্যার ফরমান জারি করলেন।

বহু দিন পর নবীজী স্বাধীনচিত্তে ঘুরে ফিরে মক্কা নগরী দেখছিলেন। এমন সময় এক লোক এসে সংবাদ দিল, হে আল্লাহর রাসূল (সাঃ)! ইবনে খাতাল নামক যে কাফির আপনার ব্যাপারে অশালীন মন্তব্য করত, সে এখন কা'বার গিলাফ ধরে ঝুলে আছে। তখন প্রিয় নবী অত্যন্ত চমৎকার এক ভঙ্গিতে বিজয়ী ও একজন ফিল্ড মার্শালের মত সামান্য ঘাড় এলিয়ে এবং মাথা থেকে শিরস্ত্রাণ খুলতে খুলতে অত্যন্ত গম্ভীর কণ্ঠে নির্দেশ দিলেন, "যাও, ইবনে খাতালকে ওখানেই হত্যা কর।"

রাসূল (সাঃ)-এর জীবনের এ ঘটনাটি পড়ে আনন্দিত ও শিহরিত হয়েছি। ভক্তির আতিশয্যে তখন বলছিলাম, নবীজীর পবিত্র পদচুম্বন করে যদি নিজেকে ধন্য করে তোলার সুযোগ পেতাম!

হে আল্লাহ! আমাদের এমন পরিস্থিতি ও পটভূমি দান কর আমরাও যেন কোন অমুসলিম দেশে বিজয়ীর বেশে প্রবেশ করে নবীর এই সুন্নাতকে জীবন্ত করার সুযোগ পেয়ে ধন্য হই।

প্রিয় বন্ধুরা!

আল্লাহপাক বলেছেন ঃ

كُتِبَ عَلَيْكُمُ الْقِتَالُ

"তোমাদের উপর যুদ্ধ ফরয করা হল।"

আমাদের যারা এখনও এ গুরুত্বপূর্ণ ফরজ দায়িত্ব পালন থেকে বিমুখ বা বিরত রয়েছেন, তারা মহাপাপ করছেন। তারা তওবা করুন। নতুবা আমাদের সকলের উপর আল্লাহর গযব আপতিত হতে পারে।

হে আল্লাহ! আমাদের সকলকে ক্ষমা কর। হে আল্লাহ! শহীদগণ জান্নাত ও মুক্তির পথ আমাদেরকে দেখিয়ে দিয়েছেন; কিন্তু আমরা পেছনে পড়ে আছি। হে আল্লাহ! আমাদের ক্ষমা করে দাও।

হে আল্লাহ! তোমার মসজিদ ধ্বংস করে দেয়া হয়েছে, আমরা মুখে শুধু এ জঘন্য অন্যায়ের প্রতিবাদ করছি, অন্যায় অপরাধে সমগ্র বিশ্ব আজ ছেয়ে গেছে। আমরা সর্বক্ষেত্রে শক্তি প্রয়োগ করে সেসব অন্যায় অপরাধ রুখছি না, রুখতে পারছি না। আমাদের এই অপরাধ ও অপারগতাটুকু তুমি ক্ষমা করে দাও।

আলিম সমাজের দায়িত্ব

জনৈক বুযুর্গ ব্যক্তির একটি উপদেশ বর্ণিত আছে, তিনি বলেছেন, আয়না দেখার সময় তোমরা গভীরভাবে লক্ষ্য করবে যে, তোমার চেহারা সুন্দর না কুৎসিত। যদি নিজেকে সুন্দর বলে মনে হয়, তাহলে এ প্রতিজ্ঞা কর যে, এ সুন্দর চেহারাটা গুনাহ ও পাপের কালিমায় কখনও কলংকিত করব না। আর যদি দেখ তোমার আকৃতি সুন্দর নয়, তাহলে এ প্রতিজ্ঞা কর যে, নিজের মধ্যে দু'টি দোষ একত্র করব না। এক হল বিশ্রী আকৃতি অপরটি হল পাপকর্ম। অর্থাৎ অসুন্দর আকৃতি এবং অসুন্দর কর্ম, এ দু'টি ত্রুটিকে নিজের জীবনে একত্রিত হতে দেব না। এ উপদেশ দ্বারা বুঝে আসে যে, সৎ ও সুন্দর কর্ম মানুষের বাহ্যিক অসুন্দর আকৃতিকে ঢেকে দেয়।

আমরা আলিম সমাজ ও দ্বীনী মাদ্রাসার ছাত্রদের মূল্যায়ন এভাবে করে থাকি যে, সমুদ্রের মাছ, বনের পশু ও জন্তু-জানোয়ার সকলে তাদের জন্য দু'আ করে। ফেরেশতাগণ তাদের পদতলে আপন পালক ও ডানা বিছিয়ে দেন। শিলাখণ্ডের নীচে বসবাসকারী পিঁপড়েরাও তাদের জন্য মাগফিরাত কামনা করে।

তবে আজ এ বৈঠকে আমরা এ বিষয়টিকে নতুন আঙ্গিকে বিচার করব। আসুন! আমরা ভেবে দেখি, আল্লাহ তায়ালা আলিম সমাজ ও দ্বীন-শিক্ষার্থীদেরকে কি মহান দায়িত্ব ও কর্তব্যের কারণে এসব মর্যাদায় ভূষিত করেছেন। আর যে দায়িত্ব ও কর্তব্যের কারণে আমাদেরকে এসব মর্যাদায় ভূষিত করা হয়েছে, তা কি আমরা যথাযথভাবে পালন করছি?

আল্লাহ আমাদের সে ইল্‌মের সম্পদ দান করেছেন, যা দ্বারা আল্লাহর পরিচয় অর্জন করা যায় এবং নবী কারীম (সাঃ)-এর আদর্শ ও সুন্নত সম্পর্কে অবগত হওয়া যায়। আমাদের সে ইল্‌মের সম্পদ দেয়া হয়েছে, যা অর্জন করার পর নবী কারীম (সাঃ)-এর উত্তরাধিকারী হওয়ার সৌভাগ্য লাভ হয়।

নবী কারীম (সাঃ) এসেছিলেন গোটা বিশ্বের মানুষের জন্য রহমতস্বরূপ। তিনি পৃথিবীর বুক থেকে অনাচার, অবিচার নির্মূল করে প্রতিষ্ঠা করেছিলেন শান্তি ও নিরাপত্তা।

রাসূল (সাঃ) নিজে যেসব কাজ করেছেন এবং যা আমাদেরকে করার নির্দেশ দিয়েছেন, সেগুলো যদি আমরা পালন করি, তবেই শিলাখণ্ডের নীচে বসবাসকারী পিঁপড়েরা, সমুদ্রের মৎস্যকুল, বনের হায়েনারা আর আকাশচারী পাখীরা আমাদের জন্য দু'আ ও মাগফিরাত কামনা করবে। তখনই আমরা রাসূলের সত্যিকার অনুসারী বলে স্বীকৃত হব।

পক্ষান্তরে আমাদের দেহে প্রাণ ও শক্তি থাকা সত্ত্বেও যদি অসহায় মানুষ জুলুমের চাকায় নিষ্পিষ্ট হতে থাকে, হত্যাযজ্ঞের শিকার হয় নিষ্পাপ শিশুরা, যদি মুসলিম মা-বোনের সতীত্ব লুণ্ঠিত হয়, জলে-স্থলে চলতে থাকে অবিচার-অনাচার, আর আমরা যদি এসব অন্যায় প্রতিরোধের জন্য চেষ্টা না করি, তাহলে আমরা এ মর্যাদার অধিকারী হতে পারব কি?

কুফরী চক্রের ত্রাস

বিশ্বের কুফরী চক্র উলামা ও দ্বীনী মাদ্রাসার ছাত্রদেরকে যতটুকু চিনতে পেরেছে, বাস্তবে আমরা নিজেরা নিজেদেরকে ততটুকু চিনতে পারিনি।

গভীর রাতে আমরা যখন বাতি নিভিয়ে ঘুমিয়ে পড়ি, কাফেররা তখন তাদের গবেষণাগারে বসে আমাদের সম্পর্কে ভাবতে থাকে যে, পৃথিবীর বুকে আমাদের জন্য কোন আতংক থাকলে তা হল আলিম ও দ্বীন শিক্ষার্থী ছাত্রসমাজ। আমাদের বে-দ্বীন শাসক, মন্ত্রী, রাজনীতিবিদ আর বুদ্ধিজীবী নিয়ে কুফরী চক্রের কোন মাথা ব্যথাই নেই। রাজনীতির ময়দান, সামরিক ময়দান, নেতৃত্ব ও কর্তৃত্বের ময়দান-সর্বক্ষেত্রে কুফরী চক্র মুসলমানদের বিরুদ্ধে এক আমরণ লড়াই করাকে নিজেদের জীবনের সবচেয়ে গুরুত্বপূর্ণ লক্ষ্য হিসেবে গ্রহণ করেছে।

তাদের দৃঢ়সংকল্প, মুসলমানদের হয় ধর্মহীন করে ছাড়ব, না হয় নিশ্চিহ্ন করে দেব পৃথিবীর বুক থেকে। এটাই এখন তাদের অন্যতম কর্মসূচী।

وَلَا يَزَالُونَ يُقَاتِلُونَكُمْ حَتّٰى يَرُدُّوْكُمْ عَنْ دِيْنِكُمْ اِنِ اسْتَطَاعُوْا

"তারা (কাফির সম্প্রদায়) সর্বদাই তোমাদের সাথে লড়াই করতে থাকবে, যাতে তারা তোমাদেরকে দ্বীন থেকে ফিরিয়ে দিতে পারে। যদি তা তাদের শক্তিতে কুলোয়।"-(বাকারা ঃ ২১৭)।

তাই আবারও বলছি কুফরী চক্র তাদের এ লক্ষ্য ও মিশন বাস্তবায়নের পথে যাদেরকে একমাত্র প্রতিবন্ধক মনে করে, তারা হলেন আলিম সমাজ ও দ্বীনী মাদ্রাসার ছাত্রবৃন্দ।

রক্তমাখা ইতিহাস

ইতিহাস সাক্ষী যে, যুগে যুগে কুফরী চক্র আলিম সমাজ ও ছাত্রদের উপরই সর্বপ্রথম জুলুম-নির্যাতনের সূচনা করেছিল। আফগানিস্তানেও রুশ বাহিনী সর্বাধিক বোমা বর্ষণ করেছিল মাদ্রাসা, মসজিদ ও আলিমদের বসতবাড়ীর উপরই এবং সুবিজ্ঞ অসংখ্য আলিমকে ওরা ট্যাঙ্কের পেছনে বেঁধে টেনে-হেঁচড়ে শহীদ করেছে।

বোখারা, সমরকন্দ ও অপরাপর মুসলিম জনপদগুলোতে রুশ বাহিনীর হাতে সবচেয়ে বেশী যারা জুলুম-নির্যাতনের শিকার হয়েছিলেন, তারা হলেন এই উলামা ও ছাত্ররা-ই।

উপমহাদেশে ইংরেজরা তাদের আধিপত্য বিস্তারের পর কোন জমিদার ও নবাবকে নিধন করেনি, বরং তাদেরকে তারা বড় বড় জমিদারী ও জায়গীর দিয়েছিল। ইংরেজরা কোন মিষ্টারকেও হত্যা করেনি, বরং মিস্টারদেরকে তারা মিনিষ্টারের পদে উন্নীত করেছিল।

আর যাদেরকে শূকরের চামড়ায় সেলাই করে পুড়িয়ে মারা হয়েছিল, গাছের ডালে ডালে ফাঁসিতে ঝুলান হয়েছিল,যাদের হত্যা করে সমুদ্রবক্ষে নিক্ষেপ করা হয়েছিল, তাঁরা ছিলেন সেই উলামা ও দ্বীনী মাদ্রাসার ছাত্রদেরই মহান কাফেলা।

প্রত্যয় দ্বীপ্ত কাফেলা

তবে ইংরেজ বেনিয়া গোষ্ঠী যে শ্রেণীর আলিমদের মুখোমুখি হয়েছিল, তাঁরা সত্যিকার অর্থেই ছিলেন আলিম। আমাদের মত উপাধি সর্বস্ব আলিম ছিলেন না তাঁরা। পরস্পর দ্বন্দ্ব-বিরোধে লিপ্ত হয়ে নিজেদের মূল্যবান জীবনকে তাঁরা বিনষ্ট করেননি। তাঁরা ছিলেন সাইয়্যেদ আহমদ শহীদ (রাহঃ) ও শাহ ইসমাঈল শহীদ (রহঃ)-এর মত শরীয়তের কঠোর অনুসারী মহান ব্যক্তিত্ব। তাঁরা ছিলেন হাজী ইমদাদুল্লাহ মুহাজেরে মক্কী

(রাহঃ), মাওলানা কাসিম নানুতুবী (রহঃ)-এর মত রসূল (সাঃ)-এর সত্যিকার ও স্বার্থক উত্তরসূরী। তাঁরা ছিলেন মাওলানা মাহমুদুল হাসান দেওবন্দী (রাহঃ) ও মাওলানা হুসাইন আহমদ মাদানী (রহঃ) এর মত হিমালয়ের ন্যায় দৃঢ়চেতা অকুতোভয় ব্যক্তিত্ব। তাঁরা তাদেরকে এক পর্যায়ে এমনভাবে পরাজিত করেছিলেন যে, আজও তাঁরা সে লজ্জাকর ইতিহাস ভুলতে পারছে না এবং তাদের পরাজয়ের সে ঘা এখনও শুকায়নি।

মতানৈক্যের প্রতীক

লজ্জাকর পরাজয়ের পর ইংরেজ এবং অন্যান্য কুফরী চক্রের ষড়যন্ত্রের রূপ পাল্টে যায়। তখন তারা আলিম সমাজকে ঘায়েল করার জন্য নতুন কৌশলে কাজ শুরু করে। মহান পূর্বসূরীদের রেখে যাওয়া পাথেয় ছিনিয়ে নেয়া হয় আমাদের জীবন থেকে। আমরাও তাদের খপ্পরে পড়ে খুইয়ে বসি পূর্বসূরীদের উত্তরাধিকার সম্পদ। যার ফলে আমরা উন্নতির শিখর-চূড়া হতে নিক্ষিপ্ত হয়েছি পতনের গভীর খাঁদে। মহান পূর্বসূরীদের এঁকে যাওয়া গৌরব ও কৃতিত্বের পথ ত্যাগ করেছি আমরা। ভুলে গিয়েছি কুরআনের সেই জিহাদী ও বিপ্লবী চেতনা, যার পরিণতিতে আজ আমরা চরম লাঞ্ছনা ও যিল্লতীর শিকার।

শায়খুল হিন্দ মাওলানা মাহমুদুল হাসান (রহঃ) মাল্টা কারাগার থেকে ফিরে এসে বলেছিলেন ঃ উম্মতের এ পতন রোধ করতে হলে দু'টি বিষয় দৃঢ়ভাবে অবলম্বন করতে হবে। প্রথমতঃ কুরআনের আদর্শ আকড়ে ধরতে হবে। দ্বিতীয়তঃ পারস্পরিক দ্বন্দ্ব-বিরোধ পরিহার করতে হবে।

কিন্তু, অতীব দুঃখের বিষয় যে, বর্তমান সময়ে একজন আলিম, একজন মাদ্রাসা পড়ুয়া ছাত্র নিজের মাদ্রাসার জীবনে, মসজিদের জীবনে, সমাজ জীবনে, সবরকম দ্বন্দ্ব-বিরোধের প্রতিকী চিহ্ন হিসেবে পরিচিত হয়ে আছে। বর্তমানে তাদেরকেই সব রকম দ্বন্দ্ব-বিরোধের উৎস ও সব দ্বন্দ্ব-সংঘাতের হোতা বলে আখ্যায়িত করা হচ্ছে।

কুফরী চক্র আলিম সমাজের উপর হরেক রকম অপবাদ চাপিয়ে দিয়ে মুসলিম মানস থেকে আলিমদের প্রতি শ্রদ্ধা ও ভক্তি বিনষ্ট করে দিয়েছে। আর আমরাও কুফরী চক্রের ষড়যন্ত্রের শিকার হয়ে স্বকীয়তা ও ব্যক্তিত্ব খুইয়ে বসেছি। আজ আমাদের সামনে সুনির্দিষ্ট লক্ষ্য, উদ্দেশ্য ও

মিশন বলতে কিছুই নেই। আমাদেরকে আজ সম্পূর্ণ অকর্মণ্য ও সামর্থহীন করে রাখা হয়েছে।

আলিম সমাজের দায়িত্ব

বর্তমানে মাদ্রাসার ছাত্ররা দাওরা হাদীস ও টাইটেল পাস করে বেরুচ্ছে। কিন্তু তাদের কারও সমানেই কোন সাবলীল চিন্তাধারা ও সুনির্দিষ্ট লক্ষ্য-উদ্দেশ্য নেই। তাদের চিন্তা, কোথায় খাব, কোথায় গেলে বেশী অর্থ উপার্জন করা যাবে ইত্যাদি। তারা বিভিন্ন দেশের মুদ্রার হিসাব কষে দেখে যে, কোথায় গেলে সবচেয়ে বেশী অর্থ-সম্পদ উপার্জন করা যাবে। বর্তমানে একজন আলিমের চিন্তা-ভাবনা তার নিজের পেট আর ঘরের চার দেয়ালের মধ্যে সীমাবদ্ধ হয়ে আছে।

অথচ, আল্লাহপাক আমাদেরকে ইল্‌মের সম্পদে সমৃদ্ধ করেছেন। আমাদের দায়িত্ব ছিল, সে ইলমের আলোকে বিশ্ববাসীকে এ কথা জানিয়ে দেয়া যে, এটা সত্য, এটা হক, এটা বাতিল, এটা মিথ্যা, এটা ন্যায় আর এটা অন্যায়। পৃথিবীর বুকে ইনসাফ প্রতিষ্ঠা করা আমার ও আপনারই দায়িত্ব। বিশ্বের সব প্রান্তে ইসলামকে পৌঁছিয়ে দেয়া, সে-ও আমার-আপনারই কাজ। পৃথিবীর বুকে রাসূল (সাঃ)-এর উম্মতের হিফাজত করা, তা-ও আমার-আপনারই দায়িত্ব।

আজ প্রতিটি ক্ষেত্রে আলিম সমাজের সরব পদচারণা ও প্রত্যক্ষ উপস্থিতি একান্ত জরুরী। ইলমের মজলিসে যেমন আলিমদের থাকতে হবে, সামরিক ক্ষেত্রেও আলিমদেরকেই নেতৃত্ব দিতে হবে।

আলিম সমাজ ব্যতীত অন্য কেউ কুরআনের তাফসীর করলে তাতে যেমন ভুল-ভ্রান্তি হবে, সেখানে আমরা আপত্তি উত্থাপন করব এবং তাকে বাঁধা দেয়ার চেষ্টা করব, যাতে উম্মতকে বিভ্রান্তি ও গোমরাহী থেকে রক্ষা করা যায়। তেমনি আমরা এ বিষয়টি কেন ভেবে দেখছি না যে, বর্তমান সময়ে সবচেয়ে বেশী ক্ষমতার অপব্যবহার করা হচ্ছে সামরিক শক্তির দাপট দেখিয়ে। আর অস্ত্রশস্ত্র ও সামরিক সরঞ্জাম আজ কুক্ষিগত করে রেখেছে কুফরী শক্তি ও তাদের দোসররা। তারা এ শক্তি বলে মুসলিম উম্মাহকে প্রতিদিন শাসাচ্ছে এবং ভ্রান্তির পথে ঠেলে দিচ্ছে। এমনকি মুসলিম দেশসমূহ থেকে ইসলামী বিধি-বিধানকে রহিত করে দেয়ার আব্দার জানাচ্ছে। কোর্ট-আদালতসমূহ থেকে তাদের পরামর্শে উৎখাত করা

হয়েছে কুরআনী আইন-কানুন। আর সর্বক্ষেত্রে সুদভিত্তিক কারবার ও লেনদেন ছড়িয়ে দেয়া হয়েছে বিষপাম্পের মত।

আমরা আমাদের সামরিক কর্মকাণ্ড কুফরী চক্রের হাতে ছেড়ে দিয়েছি। অথচ আল্লাহ পাক মুসলমানদেরকে অস্ত্রশস্ত্র ও সামরিক শক্তি অর্জনের নির্দেশ দিয়ে বলছেন ঃ

وَاَعِدُّوْا لَهُم مَّا اسْتَطَعْتُمْ مِنْ قُوَّةٍ

"এবং তোমরা তাদের (কুফরী চক্রের) বিরুদ্ধ (যুদ্ধের জন্য) যথাসাধ্য শক্তি অর্জন কর।"-(আনফাল ঃ ৬০)।

তাই বলছিলাম, কুরআনের তাফসীর ও ব্যাখ্যা করার অধিকার যেমন একমাত্র আলিম ব্যক্তির, তেমনি অস্ত্রশস্ত্র এবং সামরিক ক্ষেত্রে নেতৃত্ব-কর্তৃত্বও একমাত্র আলিম সমাজের হাতেই থাকতে হবে। হাদীসের কিতাব অধ্যয়ন করে দেখুন, রাসূলে কারীম (সাঃ) একদিকে ইল্‌মের মজলিসের মধ্যমণি ছিলেন, আবার মসজিদে নববীতে নামাযেরও ইমামতি করেছেন। অন্যদিকে বদর, ওহুদ ও হুনাইনের যুদ্ধে কমান্ডার-ইন-চীফের দায়িত্বও পালন করেছেন। যে ক্ষেত্রে যে কর্মকাণ্ডে আলিম সমাজের নেতৃত্ব থাকবে না, তা পরিণত হবে গোমরাহী ও বিভ্রান্তির আখড়ায়। আলিম সমাজ যে ময়দানে থাকবেন না, সেখানে কোন কাজ সঠিক পদ্ধতিতে সম্পন্ন হবে না। তাই ইল্‌মের মজলিস হোক কি রাজনীতির ময়দান, দাওয়াতি কর্ম-সূচী হোক কি যুদ্ধক্ষেত্র, সর্বক্ষেত্রে আলিম সমাজের নেতৃত্ব অত্যন্ত অপরিহার্য এবং আলিম সমাজকে তাদের এ দায়িত্ব সম্পর্কে সচেতন হতে হবে।

রুজী রোজগারের ব্যবস্থা

আল্লাহ রাব্বুল আলামীন দ্বীনের কর্মী দলকে কখনও ক্ষতিগ্রস্ত করবেন না। আমরা যদি এরূপ দৃঢ়সংকল্প গ্রহণ করি যে, দ্বীনের জন্য কিছু করব, দ্বীনের খিদমতে শরীক হব, তাহলে আমি আল্লাহর উপর ভরসা করে দৃঢ় বিশ্বাসের সাথে বলতে পারি, তিনি কখনও আমাদেরকে আর্থিক সংকটে ফেলবেন না। আমাদের পূর্বসূরী উলামা ও মনীষীগণ হেরেম শরীফের মেঝেতে কপাল ঘষে ঘষে রাব্বুল আলামীনের দরবার থেকে এ ফয়সালা করিয়ে নিয়েছেন যে, আহলে সুন্নাত ওয়াল জামাতের অনুসারী যেসব সন্তান দ্বীনের কাজে অংশ নেবে, তারা কখনও আর্থিক সংকটে পতিত হবেন না।

দেওবন্দের হযরত মিয়া ইয়াকুব সাহেব (রাহঃ)-যিনি মাজযুব প্রকৃতির বুযুর্গ ছিলেন-এ জন্য তিনি আল্লাহর দরবারে কেঁদে কেঁদে দু'আ করতেন। একবার তিনি তিন দিন পর ঘর হতে কান্নারত অবস্থায় বের হয়ে আসলেন। কেউ জিজ্ঞেস করল, হযরত! আপনি কাঁদছেন কেন? তিনি বললেন, আল্লাহ পাকের নিকট থেকে নিশ্চয়তা নিচ্ছিলাম যে, দেওবন্দ মাদ্রাসার সাথে (প্রত্যক্ষ অথবা পরোক্ষভাবে) যারা সম্পর্ক রেখে দ্বীনের কাজ করবে, তাঁরা যেন আর্থিক সংকটের শিকার না হয়।

পাকিস্তানের বিখ্যাত মাদ্রাসা ইউসুফ বিন নূরী নিউ টাউনের তৎকালীন মুহতামিম মুফতী আহমাদুর রহমান (রাহঃ) বলতেন, আমরা আল্লাহ পাকের সমীপে এ দু'আ করেছি যে, আমাদের এসব দ্বীনী মাদ্রাসা-সমূহ থেকে শিক্ষাপ্রাপ্ত যেসব আলিম ইখলাসের সাথে নিঃস্বার্থভাবে দ্বীনের কাজ করবে, তারা কখনও যেন আর্থিক সংকটে না পড়ে।

তাই আমি হৃদয়ের গভীর হতে আপনাদেরকে অনুরোধ জানাচ্ছি যে, মন থেকে খাওয়া-পরার চিন্তা দূর করে দিন। একমাত্র ইসলামকে পৃথিবীর বুকে প্রতিষ্ঠা করার দৃঢ়সংকল্প গ্রহণ করুন। আল্লাহপাক গোটা দুনিয়াকে আমাদের সেবার জন্যই তো সৃষ্টি করেছেন। আমরা কী খাব, কী পড়ব, তা বহু পূর্বেই নির্ধারণ করে দেয়া হয়েছে। আল্লাহপাক অত্যন্ত মর্যাদার সাথে আমাদের জীবিকার ব্যবস্থা করবেন। দ্বীনের জন্য যারা কাজ করবে, সাধনা করবে, ত্যাগ স্বীকার করবে, সাহায্যের জন্য কারও নিকট তাদের হাত বাড়াতে হবে না, ইনশাআল্লাহ।

মাওলানা জালালুদ্দীন হক্কানীর ঘটনা

মাওলানা জালালুদ্দীন হক্কানী 'দারুল উলুম হক্কানিয়ার' চাটাইয়ে বসে ইলম অর্জন করেছিলেন। তিনি দৃঢ়সংকল্প গ্রহণ করেছিলেন যে, ইল্ম অর্জন করে ইসলামের জন্য কিছু করতে হবে। শুধু ষাটজন সাথীকে নিয়ে তিনি ময়দানে নেমে আসলেন। ইসলামের মর্যাদা রক্ষার খাতিরে রুশ বাহিনীর সাথে লড়াই শুরু করলেন।

তিনি বলেন, প্রথমদিকে আমরা খাওয়ার জন্য কিছু পেতাম না। লাগাতার ছয় মাস পর্যন্ত শুধু গাছের পাতা আর ঘাস খেয়ে কাটাতে হয়েছে আমাদের। আর ঘুমাতে হয়েছে পাথরকে বালিশ বানিয়ে। সেই ছয় মাসের শেষ তিনদিন আমাদেরকে যে দুর্ভোগ পোহাতে হয়েছিল, তা নিতান্তই মর্মান্তিক। তখন আমরা যেখানে অবস্থান করছিলাম, সেখানে

গাছের পাতা, এমনকি ঘাসও পর্যন্ত ছিল না। ছিল শুধু কাটাভরা লতাপাতা, যা চিবানোও সম্ভভ ছিল না। আর উপর থেকে শত্রুর বোমারু বিমান আমাদের লক্ষ্য করে ক্রমাগত বোমাবর্ষণ করছিল। কখনও দৌড়াতে হচ্ছিল, আর কখনও আত্মগোপন করতে হচ্ছিল। এক নাগাড়ে তিনদিন কোন কিছু না খেয়েই সাথীরা লড়াই করেছিল। অবশেষে ক্ষুধার তাড়নায় সবাই শুয়ে পড়ে। জালালুদ্দীন হক্কানী বলেন, তখন আমি তায়াম্মুম করে দু'রাকাত নামায আদায় করে দু'হাত তুলে মহান আল্লাহর দরবারে প্রার্থনা আর কান্নাকাটি শুরু করলাম ঃ

"হে আল্লাহ! আমরা তো তোমার দ্বীনের খাতিরেই ঘর ছেড়ে বের হয়েছিলাম। আজ এ গোটা ভূখণ্ডে কুফরী শক্তি ছেয়ে গেছে। তোমার এসব দুশমনরা ভাইয়ের সাথে বোনকে বিবাহ দেয়ার মত জঘন্য কথা বলার স্পর্ধা দেখাচ্ছে। হে আল্লাহ! আমরা তো তোমার দ্বীনকে বুলন্দ করার মহান লক্ষ্যেই পথে বের হয়েছিলাম। এই মুবারক রাস্তায় আমার জীবন কুরবান হয়ে গেলেও তা হবে আমার জন্য সৌভাগ্যের বিষয়। কিন্তু আমার এ সাথীরা যদি নিরাশ হয়ে ময়দান ছেড়ে চলে যায়, তাহলে না জানি তোমার পক্ষ হতে আযাব আর গযব নেমে আসে কিনা। তাই ওগো মাওলা! আমাদের তুমি সাহায্য কর। তোমার গায়েরী মদদ দ্বারা আমাদের জঠর ও হৃদয় তৃপ্ত কর।

তিনি বলেন, এ দু'আ করে আমি ঘুমিয়ে পড়ি। স্বপ্নে এক বুযুর্গের সাথে আমার সাক্ষাত হল। তিনি আমাকে বললেন, 'জালালুদ্দীন! জিহাদের পথে কদম রেখেছ আর কিনা তিন দিনের ক্ষুধায় এত অস্থির হয়ে পড়ছে। মনে রেখ, এ পথে আর কোনদিন কোন প্রকার কষ্ট করতে হবে না তোমাকে।

সেই জালালুদ্দীন হক্কানীর সাথে এখন (তালেবান আবির্ভাবের পূর্ববর্তী সময়ে) রয়েছে এক লাখ বিশ হাজার মুজাহিদের এক বিশাল কাফেলা। একবার রাশিয়ার পররাষ্ট্রমন্ত্রী তার সাথে সাক্ষাতের জন্য তিন দিন পর্যন্ত তার পেছনে ঘুরেছিল। তিনি বলছিলেন, "আমার হাতে একটুও ফুরসত নেই, জিহাদের কাজে ভীষণ ব্যস্ত আমি। তবে হ্যাঁ, ওযু করার সময়ে- ঐ সময়টুকুর মধ্যে দাঁড়িয়ে দাঁড়িয়ে যা বলার বলতে পার।"

গৌরবের পথ একমাত্র জিহাদ

জিহাদ হল মর্যাদা, উন্নতি ও সফলতার এক সোনালী রাজপথ। জিহাদের মাধ্যমে যেমন দ্বীনের গৌরব প্রতিষ্ঠিত হয়, তদ্রূপ জিহাদ দ্বারা

দ্বীনের আনুসারীদের মার্যাদও বৃদ্ধি পায়। অথচ আজ আমরা জিহাদের আমল ছেড়ে দিয়ে নিজেদের মর্যাদা ও গৌরব খুইয়ে বসেছি এবং চরম হতাশা ও হীনমন্যতায় ভুগছি।

আজ যদি একজন এসডিও অথবা কোন সাধারণ সরকারী কর্মচারী আমাদেরকে তাদের অফিসে ডেকে নিয়ে কুশল জিজ্ঞেস করে, তাহলে গর্বের সাথে আমরা সে কথা সবার নিকট বলে বেড়াই যে, এসডিও সাহেবের সাথে আমি কথা বলেছি। অথচ এ সমাজে আলেম ও দ্বীনী মাদ্রাসার ছাত্রদের কোন মর্যাদা নেই। বাজারে যাওয়ার সময় ছাত্ররা টুপি খুলে ফেলে, আর দাঁড়ি লুকানোর চেষ্টা করে, পাছে কেউ মৌলভী আর সুফী বলে সম্বোধন করে কিনা!

দ্বীন এবং দ্বীনদার ব্যক্তিগণ আজ সবখানে অপদস্থ ও লাঞ্ছিত। কেন তারা লাঞ্ছিত? তাদের লাঞ্ছিত ও অপদস্থ হওয়া সম্পর্কে নবীজী (সাঃ) বলেছেন ঃ

اذا تَركتم الجِهادَ فَسَلَّطَ اللّٰهُ عَلَيْكُمْ ذُلاًّ

"যখন তোমরা জিহাদ পরিত্যাগ করবে, তখন আল্লাহপাক তোমাদের লাঞ্ছিত করবেন।" (কানযুল উম্মাল ঃ ২৮২ পৃঃ ৪র্থ খণ্ড)।

পক্ষান্তরে যেসব লোক জিহাদের ঝাণ্ডা বুলন্দ করেছে, তারা মর্যাদার সর্বোচ্চ শিখরে উন্নীত হয়েছে। আফগানিস্তান ও কাশ্মীরে গিয়ে এক নজর তাঁদের মর্যাদার স্বরূপ দেখে আসুন। খোস্ত শহরে আমরা স্বচক্ষে দেখেছি যে, দাঁড়িওয়ালা, টুপীওয়ালা দ্বীনদার ব্যক্তিগণই মর্যাদা ও সম্মানের সাথে জীবন যাপন করছেন। আর বেদ্বীন ও দাড়িবিহীন লোকজন ভয়ে পালিয়ে বেড়াচ্ছে। কোথাও গানবাদ্যের শব্দ হলে তা বন্ধ করতে মাওলানা হক্কানীর ছাত্ররা ক্লাশিনকভ হাতে সেখানে পৌঁছে যাচ্ছে। তৎক্ষণাৎ গানবাদ্য বন্ধ হয়ে যাচ্ছে।

মাওলানা ইউনুছ খালিছ, মাওলানা জালালুদ্দীন হক্কানী, মাওলানা আরসালান খান রাহমানী, মাওলানা পীর রুহানী প্রমুখ-যারা জিহাদে সক্রিয় ভূমিকা পালন করেছিলেন-আজ গোটা বিশ্ব তাদেরকে পরম শ্রদ্ধা ও ভক্তির দৃষ্টিতে দেখছে।

নবীর ওয়ারিস

বনু কাইনুকা গোত্রের লোকেরা একজন মুসলিম রমণীর গায়ে হাত তুলেছিল। এ সংবাদ পাওয়া মাত্র নবীজী (সাঃ) সাহাবীদের সশস্ত্র কাফেলা

নিয়ে সেখানে উপস্থিত হলেন। সশস্ত্র সাহাবীদের দেখে ঠান্ডা মেরে গেল বনুকাইনুকা। হোদায়বিয়া সন্ধির পূর্বে মাত্র একজন সাহাবী হযরত ওসমান (রাঃ)-এর প্রতিশোধ গ্রহণের জন্য চৌদ্দশ' সাহাবী আমরণ লড়াই করার প্রতিজ্ঞা গ্রহণ করেছিলেন।

পক্ষান্তরে আমরা নিজেদেরকে নবী করীম (সাঃ)-এর ওয়ারিস বলে দাবী করি। অথচ আজ আমাদের চোখের সামনে লাখো মুসলমানের জীবন বিপন্ন হচ্ছে, ঈমান নিয়ে পুতুল খেলা চলছে, হাজারও মুসলমানকে ধর্মান্তরিত করা হচ্ছে, দেশে দেশে চলছে মুসলিম গণহত্যা, কুফরী চক্র মুসলমানদের মস্তক নিয়ে ফুটবলের মত খেলা করছে, পেয়ারা নবীর 'খতমে নবুয়াতের' আকিদা অস্বীকার করা হচ্ছে, কুরআনের পবিত্র পাতার উপর মলমূত্র ত্যাগ করছে কুফরী চক্র। এত কিছু সত্ত্বেও আমরা খানকা ও মাদ্রাসার চৌহদ্দী অতিক্রম করে বেরিয়ে আসতে প্রস্তুত নই। তারপরও কোন্ মুখে আমরা নিজেদেরকে ইল্মপিপাসু (তালিবে ইলম) এবং নবীর ওয়ারিস বলে দাবী করি?

কাশ্মীরের এক প্রবীণ ব্যক্তি আমাদের নিকট এসে প্রশ্ন করলেন, বলুন তো, পিতার সামনে কন্যাকে উলঙ্গ করার মত লজ্জাজনক ঘটনাও কি কল্পনা করা যায়? আমার সামনে এমন লজ্জাজনক ঘটনা ঘটেছে। হিন্দু বেনিয়ারা আমার চোখের সামনে আমার মেয়েকে উলঙ্গ করে ফেলে। সে দৃশ্য সহ্য করতে না পেরে আমি চক্ষু বন্ধ করে ফেললাম। তারা আমার গায়ে বেয়নেটের খোঁচা দিয়ে বলল, এই তোকে এ দৃশ্য দেখতে হবে, কিন্তু আমি সে লজ্জাজনক দৃশ্য সহ্য করতে না পেরে অচৈতন্য হয়ে মা-টিতে পড়ে যাই।

মা-বোনদের ইজ্জত লুণ্ঠিত হতে দেখেও যদি আমাদের রক্তে আগুন না ধরে, কুরআনের পাতা পুড়ে ভস্ম করার মত মর্মান্তিক ও দুঃখজনক ঘটনা ঘটার পরও যদি আমরা জাগ্রত না হই, তাহলে জিহাদ সম্পর্কিত কুরআনের আয়াতগুলোর উপর আর কবে আমল করব? মুহাম্মদ (সাঃ)-এর তরীকা ও আদর্শের উপর কবে চলব? কুরআনের মধ্যে কিতাল ও জিহাদ সম্পর্কিত যেসব আয়াত দৈনিক আমরা তিলাওয়াত করছি, সে আয়াতগুলো কোন্ সময়ের জন্য নাযিল হয়েছিল? আজকের এ দুর্যোগপূর্ণ ও সংকটময় মুহূর্তেও যদি আমরা জিহাদের কাজ শুরু না করি, তাহলে আমাদের এ ইল্ম আর কাজে আসবে কবে?

বাহাদুর নবীর বীর সিপাহী

আজ কুফরী শক্তি যখন ইচ্ছা যেভাবে ইচ্ছা মুসলমানদের উপর জুলুম-নির্যাতন চালিয়ে যাচ্ছে। যখন ইচ্ছা আলিম সমাজকে বন্দী করছে, নৃশংসভাবে হত্যা করছে। আর নিত্যদিন আলিম সমাজ ও দ্বীনী মাদ্রাসার ছাত্র, ইসলামী বিদ্যাপীঠ ও মাদ্রাসাসমূহের প্রতি বিভিন্ন রকম হুমকি দিচ্ছে, কুৎসা রটাচ্ছে। আমরা তো সেই বাহাদুর নবীর ওয়ারিস, যিনি হুনাইনের রণাঙ্গনে চার হাজার তীরের মুখে দাঁড়িয়ে উচ্চকণ্ঠে জিহাদী তারানা পাঠ করেছিলেন ঃ

انا النبيُ لاكذب أنا ابن عبد المطلب

"নিঃসন্দেহে আমি সত্য নবী, আমি আবদুল মুত্তালিবের সন্তান।"

তাহলে আমরা কেন কুফরী চক্রের হুমকিতে ভয় পাব। আজ ইহুদীরা আমাদের উপর মোড়লী করছে। মুসলিম উম্মাহর অস্তিত্ব নিশ্চিহ্ন করার জন্য ষড়যন্ত্র করছে। ইহুদী গোষ্ঠী খায়বর যুদ্ধের নির্মম পরাজয়ের কথা ভুলে গিয়েছে।...... মুহাম্মদ আরাবীর(সাঃ) দূরন্ত মুজাহিদ কাফেলা আবার জিহাদের শপথ নিয়েছে, তাদের শপথ-দৃপ্ত শ্লোগানে কেঁপে কেঁপে উঠছে পাহাড়-পর্বত, উপত্যকা ও শহর-বন্দর।

خيبر خيبر يا يهود ☆ جيش محمد سوف يعود

-ওরে ইহুদী গোষ্ঠী খায়বরের নির্মম পরাজয়ের কথা আবারও মনে কর! যখন মুহাম্মদে আরাবী (সাঃ)-এর বীর মুজাহিদরা তোদের উপর হামলা করেছিল.... হ্যাঁ, অতি শিগ্‌গিরই সে মুাজহিদ কাফেলা আবার ধেয়ে আসছে।

আমরা জিহাদের পথে কোনরূপ অন্যায়-অবিচারের পক্ষপাতী নই। মানবরচিত কোন মতবাদ, মতাদর্শ আমরা মানি না। আল্লাহ্ ও রাসূলের (সাঃ) নির্দেশই আমাদের একমাত্র অনুসরণীয়। আমাদের জিহাদ কোন আঞ্চলিকতার গণ্ডীতে সীমাবদ্ধ নয়।

لاشرقيةَ ولاغربيةَ ☆ اسلاميةَ اسلاميةَ

–পূর্ব পশ্চিমের সীমানা মাড়িয়ে ইসলামকে পৌঁছে দেব আমরা পৃথিবীর আনাচে-কানাচে।

والله يا رجال انا حامل بندوقية
اسلاميةَ اسلاميةَ جهادية جهادية

হে বিশ্ববাসী, শুনে রাখ! ইসলামের জন্য–জিহাদের জন্য আমরা অস্ত্র তুলেছি, গোটা বিশ্বে ইসলাম প্রতিষ্ঠা করে তবে ক্ষান্ত হব আমরা।

وكتابُ اللهِ بأيدينا ☆ نَقتحمُ اليابسَ والاخضرَ

আল্লাহর কিতাব আল-কুরআন আমাদের হাতে রয়েছে। আমাদের জিহাদী পদচারণায় সরব হয়ে উঠবে গোটা পৃথিবী।

শানিত তরবারী হাতে নবযাত্রা

দ্বীনী মাদ্রাসার ছাত্র ভাইদের প্রতি আমার অনুরোধ, আপনারা এ সংকল্প গ্রহণ করুন যে, আমরা যতটুকু ইল্‌ম অর্জন করেছি এবং পরে যা করব সে ইল্‌মের উপর আমরা নিজেরা আমল করব এবং অপর মুসল-মানদের নিকটও হুবহু তা-ই পৌঁছে দেব ইসলামের নির্দেশ অনুযায়ী।

কেউ আমাদের উপর অপবাদ দেবে দিক, সন্ত্রাসী বলতে চায় বলুক, কেউ জিহাদকে মানবতা পরিপন্থী বলে বলুক, তাতে আমরা কর্ণপাত করব না। আমরা মানুষের নিকট হুবহু সে দ্বীন পেশ করব, যা আল্লাহপাক প্রিয় নবী (সাঃ)-এর উপর অবতীর্ণ করেছেন। আমরা সে দ্বীন পেশ করব, যা কুরআনে আছে। আমরা সে দ্বীন পেশ করব, যা নবী করীম (সাঃ) বলেছেন এবং নিজেও যার উপর আমল করে গেছেন।

যারা সত্যনিষ্ঠ হবে, তারা দ্বীনকে সানন্দে গ্রহণ করবে। আর যারা গোয়ার্তুমী করবে, তাদের ব্যাপারে ফয়সালা করবে আমাদের শানিত তরবারী।

পরিপূর্ণ দ্বীন ও জিহাদ

আমাদের শরীয়াত তথা ইসলাম একটি পূর্ণাঙ্গ জীবনব্যবস্থা, এ দ্বীন সর্বদিক দিয়ে পরিপূর্ণ। কারণ, তাতে জিহাদের হুকুম বিদ্যমান। আর কোন ধর্মকেই ততক্ষণ পর্যন্ত পরিপূর্ণ ও পূর্ণাঙ্গ বলা যায় না, যদি না তাতে প্রতিরক্ষা ও সংরক্ষণের কোন ব্যবস্থা না থাকে।

হযরত শাহ ওয়ালিউল্লাহ মুহাদ্দিস দেহলবী (রাহঃ) হুজ্জাতুল্লাহিল বালিগা গ্রন্থে লিখেছেন ঃ

"জেনে রাখা দরকার যে, সমস্ত শরীয়তের মধ্যে পূর্ণাঙ্গ শরীয়াত সেটাই যাতে জিহাদের বিধান রয়েছে।"(হুজ্জাতুল্লাহিল বালিগা ঃ ৫৪৬ পৃঃ)।

অতএব এ পরিপূর্ণ ও পূর্ণাঙ্গ দ্বীনের উপর আমরাও আমল করব এবং অন্যদের নিকটও তাই পৌঁছাব। আল্লাহপাকের কোন নির্দেশ এবং মুহাম্মদ (সাঃ)-এর কোন কর্ম ও আদর্শকে বিকৃতভাবে ব্যাখ্যা করার অধিকার কারো নেই। নবীজী (সাঃ)-এর প্রতিটি কাজ প্রতিটি কর্ম সর্বোত্তমবৈশিষ্ট্য ও চরিত্রে সমৃদ্ধ ছিল। তাঁর প্রতিটি কথাই ছিল সত্য ও ন্যায়ের উপর প্রতিষ্ঠিত।

নবীজী (সাঃ) তরবারী উত্তোলন করেছেন– এটা তার মহৎ চরিত্রেরই দাবী ছিল। তিনি কাফেরদের হত্যা করেছেন, তা-ও মহৎ চরিত্রেরই অংশ। তিনি কা'আব বিন আশরাফকে হত্যার নির্দেশ দিয়েছেন, আর এ ধরনের মুনাফিক-ইহুদীকে হত্যা করা মহৎ ও উন্নত চরিত্রেরই দাবী। অত্যাচারীকে দমন করা প্রশংসিত কাজ বটে। নবীজী (সাঃ) তরবারী উত্তোলন করেছেন, এটা ইসলামেরই একটি বিধান। তিনি রণাঙ্গনে অবতীর্ণ হয়েছেন এটাও ইসলামেরই হুকুম। আমরা ইসলামের এ সমস্ত সত্য ও ইনসাফপূর্ণ বিধান সবার নিকট উপস্থাপন করব এবং নিজেরাও তার উপর আমল করব।

সন্ত্রাসী কারা

আলিম সমাজ উম্মতের পথ-প্রদর্শক। এখন তারাই যদি সন্ত্রাসবাদের অপবাদ শুনে হিম্মত হারিয়ে বসেন এবং সে ভয়ে ইসলামের গুরুত্বপূর্ণ বিধানসমূহ পরিত্যাগ করেন, তাহলে সাধারণ উম্মতের অবস্থা কী দাঁড়াবে?

পক্ষান্তরে মুসলমানদের মাথার খুলী দিয়ে কাফের গোষ্ঠী ফুটবল খেলছে। বয়ে চলেছে মুসলমানদের রক্তের নদী। জোর গলায় শান্তি ও মানবাধিকারের দাবীদাররা সোমালিয়ায় মুসলমানদের রক্ত ঝরিয়েছে, বসনীয় মুসলমানদেরকে পৃথিবীর বুক থেকে নিশ্চিহ্ন করে দেয়ার ষড়যন্ত্র করেছে, মুসলমানদের ধ্বংস করার জন্য এটম, হাইড্রোজেনসহ আরও কত মারণাস্ত্র তৈরী করেছে। তাদের এসব কর্ম কি সন্ত্রাস নয়?

অপরদিকে আমার প্রিয় নবীজী (সাঃ)-এর আদর্শ দেখুন ঃ

তাঁর নির্দেশের অপেক্ষায় মক্কার মুশরিকদের মাথার ওপর দশ হাজার তরবারী উদ্ধত ছিল। মাত্র নির্দেশের অপেক্ষা। আর তখন তিনি ঘোষণা দিলেন ঃ

اليوم يوم المرحمة

"আজ ক্ষমার দিন, সবাইকে ক্ষমা করা হল।"

সেই নবীকে যে সন্ত্রাসী বলবে (নাউযুবিল্লাহ), বুঝতে হবে সে একটি বদ্ধ পাগল।

সম্মানিত উলামায়ে কিরাম ও ছাত্র ভায়েরা!

আল্লাহর ওয়াস্তে দ্বীনের জন্য কিছু করার দৃঢ়সংকল্প গ্রহণ করুন অযথা মতানৈক্য পরিহার করে নিজেদের চিন্তাধারাকে উদার করতে সচেষ্ট হোন। আর কতদিন আমরা সংকীর্ণতার আবর্তে ঘুরপাক খাব!

'সন্ত্রাসী' অপবাদে শংকিত হয়ে আর লুকিয়ে থাকবেন না। অস্ত্র হাতে বুক টান করে শুরু করুন নবযাত্রা। ঝাঁপিয়ে পড়ুন রণাঙ্গনে।

এই শিক্ষাই ইসলাম আমাদেরকে দিচ্ছে, এটিই নবীজীর সত্যিকার মীরাস, এটিই পূর্ণাঙ্গ দ্বীনের শাশ্বত আহ্বান, গৌরব ও মর্যাদার সোনালী সোপান।

শহীদ ডঃ আদুল্লাহ আয্যাম (রাহঃ)-এর এক অমর অসীয়াতনামা

আমার হৃদয় অনুভূতি ও সমগ্র জীবন জুড়ে রয়েছে জিহাদ-পবিত্র জিহাদ

[শহীদ আবদুল্লাহ আয্যাম (রাহঃ)। বিপ্লবী অনুপ্রেরণার আধার, সফল বিপ্লবের মূর্তপ্রতীক, জিহাদী জয়বায় প্রজ্বলিত এক অগ্নিমশাল। এক অমর ইতিহাসের নাম আবদুল্লাহ আয্যাম। তাঁর জন্ম ফিলিস্তিন। উচ্চ শিক্ষা লাভ করেন মিসরের আল-আযহার বিশ্ববিদ্যালয়ে।

সোভিয়েত রাশিয়ার আগ্রাসনের বিরুদ্ধে আফগানিস্তানের দীর্ঘ মুক্তি -সংগ্রাম, অস্বাভাবিক খোদায়ী মদদ এবং সবশেষে বিজয় অর্জন –এ শতাব্দীর ইতিহাসের শ্রেষ্ঠ অধ্যায়। এ জিহাদ ও মুক্তিসংগ্রামে অংশগ্রহণ করেছিল পৃথিবীর বিভিন্ন প্রান্তের বহু নওজোয়ান মর্দে মুজাহিদ। তবে আফগান জিহাদে আরব নওজোয়ানদের আত্মত্যাগ ও কুরবানী বার বার স্মরণ করিয়ে দেয় ফেলে আসা সেই পেছনের ইতিহাসের কথা। আরব মুজাহিদদের এই অসামান্য কৃতীত্বের অন্যতম হকদার এই আবদুল্লাহ আয্যাম। অবশেষে আফগান জিহাদে তিনি আর কেবল আরব মুজাহিদদের নেতা রইলেন না, নিজ যোগ্যতায় তিনি প্রতিষ্ঠিত হলেন সমগ্র আফগান জিহাদের অবিসংবাদিত নেতারূপে।

তাঁর সাংগঠনিক দক্ষতা , অসাধারণ বাগ্মিতা, সৃষ্টিধর্মী লেখা তাঁকে সমাসীন করে আরও এক ধাপ উপরের আসনে। এবার তিনি পরিচিত হন আফগান জিহাদের প্রাণপুরুষ রূপে। আফগান জিহাদের উপর তাঁর জ্বালাময়ী বক্তৃতার ৪৪টি ভিডিও ক্যাসেট ও ৩শ'টি অডিও ক্যাসেট পৌঁছিয়ে দেয়া হয় আরবী ভাষাভাষীদের ঘরে ঘরে। তাঁর বক্তৃতা শুনে অসংখ্য নওজোয়ান ছুটে আসে আফগান জিহাদের পবিত্র রণাঙ্গনে।

তিনি তাঁর দাওয়াতী মিশন নিয়ে উল্কার মত ছুটে বেড়ান এশিয়া, মধ্যপ্রাচ্য, ইউরোপ, আমেরিকা ও আফ্রিকার বহু দেশে। সাম্রাজ্যবাদী শক্তি এতে প্রমাদ গুণে। এবার তাঁকে দুনিয়া থেকে বিদায় করিয়ে দিতে তৈরী

করা হয় ষড়যন্ত্রের ফাঁদ। সাম্রাজ্যবাদী অপশক্তি এ মহান মুজাহিদকে শহীদ করেই তবে ক্ষান্ত হয়।

শহীদ আয্যাম আজ বেঁচে নেই, কিন্তু তাঁর মিশন থেমে নেই। তাঁরই প্রেরণা ও চেষ্টার ফসল হিসেবে এখন দেশে দেশে গড়ে উঠেছে জিহাদী সংগঠন। তাঁর বক্তৃতার ক্যাসেটগুলো বই আকারে বেরিয়েছে। এ ছাড়া তাঁর নিজ হাতে লিখিত ৭টি মূল্যবান বই মুদ্রিত হয়েছে।

এই বিশ্ববিখ্যাত মুজাহিদ নেতা ১৯৮৬ সালের ২০শে এপ্রিল সোমবার বাদ আসর খ্যাতনামা আফগান মুজাহিদ কমান্ডার মাওলানা জালালুদ্দীন হাক্কানীর বাড়ীতে বসে লিখেছিলেন তার এই অমর অসীয়তানামা। নিম্নের এই লেখা তাঁর সেই অসীয়তনামার সরল বাংলা অনুবাদ।]

আমার মন ও সমগ্র জীবন জুড়ে রয়েছে জিহাদ, জিহাদ প্রেমের আধিপত্য। এর কারণ সূরা তওবা–যা জিহাদের সর্বশেষ চূড়ান্ত বিধান, যা পাঠ করে আমার হৃদয়ে সৃষ্টি হয় রক্তক্ষরণ, অনুভূত হয় অশেষ বেদনা ও আফসোস। কারণ তখন আমার সামনে স্পষ্ট হয়ে উঠে 'কিতাল ফী সাবীলিল্লাহ'র ব্যাপারে আমার ও উম্মাহর অমার্জনীয় উদাসীনতা।

'কিতাল ফী সাবীলিল্লাহ' সম্পর্কিত আয়াতসমূহের বিকৃত ব্যাখ্যা অথবা তার অকাট্য বিধানাবলী থেকে অন্যত্র দৃষ্টি সরানোর দুঃসাহস যারা প্রদর্শন করেন, তাদের দাঁতভাঙ্গা জবাব দিয়েছে সূরা তাওবার 'আয়াতুস সাইফ', যে আয়াতে আল্লাহ সরাসরি নির্দেশ দিয়েছেন ঃ

وَقَاتِلُوا الْمُشْرِكِيْنَ كَافَّةً كَمَا يُقَاتِلُوْنَكُمْ كَافَّةً وَاعْلَمُوْا اَنَّ اللّٰهَ مَعَ الْمُتَّقِيْنَ –

"আর মুশরিকদের সাথে তোমরা যুদ্ধ কর সমবেতভাবে, যেমন তারাও যুদ্ধ করেছে তোমাদের সাথে সমবেতভাবে। আর মনে রেখ, আল্লাহ মুত্তাকীদের সাথে রয়েছেন।" (তাওবা ঃ ৩৬)।

এই সেই আয়াত, যা দ্বারা পূর্বে অবতীর্ণ জিহাদ বিষয়ক বাইশ বা ততোধিক আয়াত রহিত হয়েছে এবং রুদ্ধ হয়েছে কিতাল নিয়ে ভিন্ন ব্যাখ্যার সমূহ অবকাশ।

পবিত্র কুরআনে আরও বলা হয়েছে ঃ

فَاِذَا انْسَلَخَ الْاَشْهُرُ الْحُرُمُ فَاقْتُلُوا الْمُشْرِكِيْنَ حَيْثُ وَجَدْتُّمُوْهُمْ وَخُذُوْهُمْ وَاحْ م وَاقْعُدُوْا لَهُمْ كُلَّ مَرْصَدٍ فَاِنْ تَابُوْا وَاَقَامُوا الصَّلٰوةَ وَاٰتَوُا الزَّكٰوةَ فَخَلُّوْا سَبِيْلَهُمْ اِنَّ اللّٰهَ غَفُوْرٌ رَّحِيْمٌ

"অতপর নিষিদ্ধ মাস অতিবাহিত হলে তাদের বন্দী কর এবং অবরোধ কর। আর প্রত্যেক ঘাঁটিতে তাদের সন্ধানে ওঁৎপেতে থাক। কিন্তু যদি তারা তাওবা করে, নামায কায়েম করে এবং যাকাত আদায় করে, তবে তাদের পথ ছেড়ে দাও। নিশ্চয় আল্লাহ অতি ক্ষমাশীল, পরম দয়ালু।" (তাওবা ঃ ৫)

আল্লাহর পথে জিহাদে বের না হয়ে অজুহাত দেখিয়ে নিজেকে নির্দোষ প্রমাণের চেষ্টা করা আত্মপ্রবঞ্চনা ছাড়া কিছুই নয়। বরং তা আল্লাহর দ্বীনের সাথে বিদ্রূপ করার শামিল। এ জাতীয় কর্মকাণ্ডে যারা লিপ্ত, তাদের থেকে দূরে থাকাই কুরআনের নির্দেশ, আল্লাহ তায়ালা স্পষ্ট ভাষায় বলেছেন ঃ

وَذَرِ الَّذِيْنَ اتَّخَذُوْا دِيْنَهُمْ لَعِبًا وَّلَهْوًا وَّغَرَّتْهُمُ الْحَيٰوةُ الدُّنْيَا

"তাদেরকে পরিত্যাগ কর, যারা নিজেদের ধর্মকে ক্রীড়া ও কৌতুকরূপে গ্রহণ করেছে এবং পার্থিব জীবন যাদেরকে ধোঁকায় ফেলে রেখেছে।" (আন'আম ঃ ৭০)।

আমাদের মর্যাদার সুউচ্চ স্থানে আসীন হওয়ার জন্য প্রস্তুতি গ্রহণ করা অপরিহার্য। নিরেট আশা-আকাঙ্খা দ্বারা কখনও মর্যাদা অর্জিত হয়নি এবং হবেও না। মর্যাদাশীল আত্মার অধিকারী হতে হলে আরামপ্রিয়তা ও বিলাসিতা ত্যাগ করতে হবে অবশ্যই।

মনে রাখা উচিত, সবচেয়ে বেশী মর্যাদাশীল ইবাদত হচ্ছে জিহাদ। অন্য কোন ইবাদত এর সমান মর্যাদার নয়। এমনকি মসজিদুল হারাম নির্মাণ ও তথায় নিয়মিত অবস্থানেও জিহাদের সমপরিমাণ পুণ্যের আশা করা যায় না।

মুসলিম শরীফে বর্ণিত হয়েছে ঃ "একদিন সাহাবীদের মধ্যে বাদানুবাদ শুরু হয়, একজন বললেন, ইসলাম ও ঈমানের পর আমার দৃষ্টিতে হাজীদের পানি সরবরাহের মত আর মর্যাদাসম্পন্ন আমল নেই। অপরজন মসজিদুল হারাম নির্মাণকে সর্বোচ্চ মর্যাদাবান আমল বলে দাবী করেন। তাঁর উক্তি খণ্ডন করে তৃতীয় জন বললেন, আমার দৃষ্টিতে আল্লাহর রাহে জিহাদই বড় আমল। অতঃপর সাহাবীদের এই ভিন্ন ভিন্ন মতামত অবসানের উদ্দেশ্যে অবতীর্ণ হয় এই আয়াত ঃ

اَجَعَلْتُمْ سِقَايَةَ الْحَاجِّ وَعِمَارَةَ الْمَسْجِدِ الْحَرَامِ كَمَنْ امَنَ بِاللّٰهِ وَالْيَوْمِ الْاٰخِرِ وجَاهَدَ فِىْ سَبِيْلِ اللّٰهِ لَايَسْتَوٗنَ عِنْدَ اللّٰهِ وَاللّٰهُ لَايَهْدِى الْقَوْمَ الظّٰلِمِيْنَ

اَلَّذِيْنَ اٰمَنُوْا وَهَاجَرُوْا وَجَاهَدُوْا فِىْ سَبِيْلِ اللّٰهِ بِاَمْوَالِهِمْ وَاَنْفُسِهِمْ اَعْظَمُ دَرَجَةً عِنْدَاللّٰهِ وَاُولٰئِكَ هُمُ الْفَائِزُوْنَ

يُبَشِّرُهُمْ رَبُّهُمْ بِرَحْمَةٍ مِّنْهُ وِرِضْوَانٍ وجَنّٰتٍ لَّهُمْ فِيْهَا نَعِيْمٌ مُّقِيْمٌ

"তোমরা কি হাজীদের পানি সরবরাহ ও মসজিদুল হারাম আবাদকরণকে সেই লোকের সমান মনে কর, যে ঈমান রাখে আল্লাহ ও শেষ দিনের প্রতি এবং যুদ্ধ করে আল্লাহ রাহে, এরা আল্লাহর দৃষ্টিতে সমান নয়। আর আল্লাহ জালেম লোকদের হেদায়েত করেন না। যারা ঈমান এনেছে, দেশ ত্যাগ করেছে এবং আল্লাহর পথে নিজেদের মাল ও জান দিয়ে জিহাদ করেছে, তাদের বড় মর্যাদা রয়েছে আল্লাহর কাছে, আর তারাই সফলকাম। তাদের সুসংবাদ দিচ্ছেন স্বয়ং তাঁদের পরওয়ারদেগার দয়া, সন্তোষ ও জান্নাতের, সেখানে আছে তাদের জন্য স্থায়ী শান্তি।" (তাওবা ঃ ১৯-২১)।

বিশ্বের বিভিন্ন দেশে মুসলমানদেরকে নির্বিচারে জবাই করা হচ্ছে আর আমরা দূর থেকে 'লা হাওলা' এবং 'ইন্নালিল্লাহ' পাঠ করেই আপন দায়িত্ব পালন করছি বলে আত্মতৃপ্ত হচ্ছি। জুলুম প্রতিরোধে এক পা-ও

এগুতে আমরা প্রস্তুত নই। এটা আল্লাহর বিধানের সাথে বিদ্রূপ ছাড়া আর কি। এ আত্মপ্রবঞ্চনা আমাদেরকে ঈমানী দায়িত্ব পালন থেকে যুগ যুগ ধরে গাফেল করে রেখেছে।

কবির ভাষায় ঃ পাপিষ্ঠ শত্রুর কবলে মুসলিম নারীর আর্তচিৎকারে ধরণী প্রকম্পিত আর মুসলমান নিদ্রার কোলে শায়িত। এটা কি করে সম্ভব? আশ্চর্য!

আল্লামা ইবনে তাইমিয়া বলেন, 'ঈমানের পরে সর্বাপেক্ষা গুরুত্বপূর্ণ ওয়াজিব দায়িত্ব হচ্ছে আক্রমণকারী শত্রুকে প্রতিরোধ করা, যার হাতে আমাদের ইহ ও পরকালীন স্বার্থ বিনষ্ট হওয়ার আশংকা রয়েছে।

ইবনে তাইমিয়ার এ বক্তব্য আমি সম্পূর্ণ সমর্থন করি। আমার গ্রন্থ 'আদদিফা আন আরাদিল মুসলিমীন আহাম্মু ফুরুযিল আ'য়ান'- এ এ বিষয়ে বিস্তারিত আলোচনা করেছি। এ প্রসঙ্গে আমার অভিমত হচ্ছে ঃ

● সালাত, যাকাত ও সিয়াম পরিত্যাগকারী ও কিতাল পরিত্যাগকারীর মধ্যে পার্থক্য নেই।

● জিহাদ থেকে বিরত থাকার অপরাধ ক্ষমার অযোগ্য; তালিম, তারবিয়াত, দাওয়াত ও গ্রন্থ রচনাসহ কোন কাজই জিহাদের দায়িত্ব পালন থেকে অব্যাহতি দেয় না।

● দুনিয়ার প্রায় সকল মুসলিম আজ জিহাদ পরিত্যাগের অভিযোগে অভিযুক্ত, তারা বন্দুক বহন না করার অপরাধে অপরাধী। নিতান্ত অক্ষম লোক ছাড়া যারাই আজ বন্দুক ছাড়া আল্লাহর সান্নিধ্যে যাবে, তারা পাপী হিসেবেই আল্লাহর সম্মুখে নীত হবে। কারণ, এরা কিতাল করেনি। কিতাল এখন ফরজে আইন। রোগাক্রান্ত ও অক্ষম ব্যক্তিগণ ব্যতীত সকল মুসলিম এ ফরজ আদায়ে বাধ্য।

● আমার বিশ্বাস, আল্লাহর কাছে জিহাদ হতে অব্যাহতি পাবে শুধু চার প্রকারের মানুষ (১) অন্ধ (২) বিকলাঙ্গ (৩) অসুস্থ এবং (৪) যারা ব্যয়ভার বহনে অসমর্থ। এরা ছাড়া বাকী সকল মুসলমানকে জিহাদ ত্যাগের কারণে আল্লাহর নিকট জবাবদিহির সম্মুখীন হতে হবে। চাই এ জিহাদ আফগানিস্তানে বা ফিলিস্তিনে (বা আরাকানে) হোক অথবা পৃথিবীর যে কোন ভূমিতে হোক, যা কাফের দ্বারা অপবিত্র হচ্ছে।

● আমি মনে করি, জিহাদে যোগদান করতে আজ পিতা, স্ত্রী কিংবা কর্জদাতার অনুমতির প্রয়োজন নেই। এমনিভাবে কোন উস্তাদ বা নেতার

সম্মতি নেয়াও ওয়াজিব নয়। অতীত ইতিহাসের প্রতিটি ক্রান্তিলগ্নে উপরোক্ত বিষয়ে উলামায়ে উম্মতের ইজমা বা ঐকমত্য রয়েছে। আজ যদি এ বিষয়ে কেউ ভুল বুঝানোর অপচেষ্টায় মেতে ওঠে, তবে তা হবে জুলুম এবং তা হবে আল্লাহর নির্দেশিত পথ ছেড়ে প্রবৃত্তির অনুসরণ। বিষয়টি খুবই গুরুত্বপূর্ণ। সুতরাং একে গুরুত্বহীন মনে করা কিংবা বিকৃত ব্যাখ্যা দিয়ে বিভ্রান্তি সৃষ্টির কোন সুযোগ এখানে নেই।

● আফগানিস্তানে নির্যাতিত প্রতিটি মুসলিমের রক্ত ও লাঞ্ছিতা নারীর ইজ্জত লুণ্ঠনের জন্য আমরাই দায়ী। শক্তি-সামর্থ থাকা সত্ত্বেও আমরা তাদের সাহায্যে অগ্রসর হইনি। আমাদের উচিৎ ছিল, তাদের জন্য অস্ত্র, অন্ন ও চিকিৎসা সামগ্রী প্রেরণ করা এবং যাবতীয় যুদ্ধোপকরণ সরবরাহ করা।

দাসুকী-শরহুল কাবীরের টীকায় লিখিত হয়েছে, "যদি কারও কাছে অতিরিক্ত খাদ্য থাকে এবং কোন অভুক্ত ব্যক্তিকে দেখা সত্ত্বেও সে তাকে খেতে না দেয় এবং সে যদি অনাহারে মৃত্যুবরণ করে তবে ঐ ব্যক্তি শাস্তির যোগ্য হবে। যদি খাদ্যের মালিক এ কথা মনে করে অনাহারী ব্যক্তিকে খাদ্য না দিয়ে থাকে যে, আমি আমার এ খাদ্য না দিলে সে ক্ষুধার যন্ত্রণায় মৃত্যুবরণ করবে না। অতঃপর যদি অনাহারী ব্যক্তি এ কারণেই মৃত্যুবরণ করে, তবে কি তার কোন শাস্তি হবে? এ প্রসঙ্গে আ-লিমগণ দু'টি অভিমত ব্যক্ত করেছেন ঃ (১) উক্ত ব্যক্তি তার সম্পদ হতে মৃত ব্যক্তির দিয়াত আদায়ে বাধ্য থাকবে (২) আর কারও মতে, উক্ত ব্যক্তির শাস্তি 'কিসাস'; তাকে হত্যা করা হবে। কারণ সে খাদ্য না দেয়ার কারণে লোকটি ক্ষুধার যন্ত্রণায় মৃত্যুবরণ করেছে। হায়, পরকালে কি পরিণাম অপেক্ষা করছে সম্পদশালী ও বিত্তবানদের জন্য– যারা নিজেদের মনোবৃত্তির জন্য অর্থের অপচয় করছে অথচ অনাহারী মুসলমানদের জন্য তারা সামান্য অনুদান দিতেও কুণ্ঠিত।

ও হে মুসলমান! তোমাদের জীবন মানেই জিহাদ, তোমাদের সম্মান মানেই জিহাদ। জিহাদের সাথেই জড়িত তোমাদের অস্তিত্ব।

হে দাওয়াত কর্মীগণ! তোমাদের অস্ত্র ব্যবহার করতে হবে এবং কাফির, অত্যাচারী ও তাগুতের জনপদ বিরান করে দিতে হবে। নতুবা এ আকাশের ছায়ায় তোমাদের কানাকড়ি মূল্যও থাকবে না।

যাদের ধারণা, কিতাল, জিহাদ ও রক্ত দেয়া ছাড়াই দ্বীন প্রতিষ্ঠিত

হবে, তারা বোকার স্বর্গে বাস করে। দ্বীনের মর্ম ও প্রকৃতি সম্পর্কে তারা অবগত নন। কিতাল ব্যতীত দাওয়াত কর্মীর প্রতাপ, দাওয়াতের প্রভাব ও মুসলমানের গৌরব অক্ষুণ্ন থাকতে পারে না। রাসূলুল্লাহ (সাঃ) ইরশাদ করেন, "আল্লাহ শত্রুর হৃদয় হতে তোমাদের প্রভাব দূরীভূত করে দেবেন। আর তোমাদের হৃদয়ে প্রবিষ্ঠ করিয়ে দেবেন 'ওয়াহান'। সাহাবীগণ জিজ্ঞেস করলেন, হে আল্লাহর রাসূল, 'ওয়াহান' কি? তিনি বললেন, দুনিয়া-প্রীতি ও মৃত্যু-ঘৃণা।" অন্য বর্ণনা মতে ওয়াহান মানে কিতালের প্রতি অনীহা ও ঘৃণা পোষণ করা। কুরআনের ঘোষণা ঃ

فَقَاتِلْ فِىْ سَبِيْلِ اللّٰهِ لَاتُكَلَّفُ اِلَّا نَفْسَكَ وَحَرِّضِ الْمُؤْمِنِيْنَ عَسى اللّٰهُ اَنْ يَكُفَّ بَأْسَ الَّذِيْنَ كَفَرُوْا وَاللّٰهُ اَشَدُّ بَأْسًا وَاَشَدُّ تَنْكِيْلًا

"হে রাসূল, আল্লাহর রাহে যুদ্ধ করতে থাকুন, আপনি নিজের সত্তা ব্যতীত অন্য কোন বিষয়ের যিম্মাদার নন। আর আপনি মুমিনদের উৎসাহিত করতে থাকুন, শীঘ্রই আল্লাহ কাফিরের শক্তি সামর্থ খর্ব করে দিবেন। আর আল্লাহ শক্তি সামর্থের দিক দিয়ে অত্যন্ত কঠোর ও কঠিন শাস্তিদাতা।" (নিসা ঃ ৮৪)।

কিতালের অনুপস্থিতিতে শিরক ও ফিতনার সয়লাব বয়ে যাবে এবং প্রতিষ্ঠিত হবে শিরকের বিজয় পতাকা। এ জন্যই আল্লাহ বলেছেন ঃ

وَقَاتِلُوْهُمْ حَتّى لَاتَكُوْنَ فِتْنَةٌ وَّيَكُوْنَ الدِّيْنُ لِلّٰهِ

"আর তাদের সাথে যুদ্ধ করতে থাক যতক্ষণ না ফিতনা দূর হয়ে যায় এবং আল্লাহর সমস্ত হুকুম প্রতিষ্ঠিত হয়ে যায়।" (আনফাল ঃ ৩৯)।

জিহাদই পৃথিবীর অস্তিত্ব টিকিয়ে রাখার একমাত্র গ্যারান্টি। এ প্রসঙ্গে পবিত্র কুরআনে বলা হয়েছে ঃ

وَلَوْلَا دَفْعُ اللّٰهِ النَّاس بَعْضَهُمْ بِبَعْضٍ لَّفَسَدَتِ الْاَرْضُ

"আল্লাহ যদি এককে অন্যের দ্বারা প্রতিহত না করতেন, তাহলে গোটা দুনিয়া বিধ্বস্ত হয়ে যেত।" (বাকারা ঃ ২৫১ আয়াতাংশ)।

জিহাদই ইবাদাতখানা ও পবিত্র স্থানসমূহের সম্মান নিশ্চিত করতে পারে এবং এর অবমাননা রোধ করতে পারে। আল্লাহ্ ইরশাদ করেছেন ঃ

وَلَوْلَا دَفْعُ اللّٰهِ النَّاسَ بَعْضَهُمْ بِبَعْضٍ لَّهُدِّمَتْ صَوَامِعُ وَبِيَعٌ وَّصَلَوٰتٌ وَّمَسَاجِدُ يُذْكَرُ فِيْهَا اسْمُ اللّٰهِ كَثِيْرًا

"আল্লাহ্ যদি মানবজাতির একদলকে অপর দল দ্বারা প্রতিহত না করতেন, তবে (খৃস্টানদের) নির্জন গির্জা, ইবাদতখানা, (ইহুদীদের) উপাসনালয় এবং মসজিদসমূহ বিধ্বস্ত হয়ে যেত। যেগুলোয় আল্লাহর নাম অধিক স্মরণ করা হয়।" (হজ্ব ঃ ৪০)

অতএব হে মুসলিম! মসজিদসমূহের পবিত্রতা ও আপন অস্তিত্বের স্বার্থেই তোমাদের জিহাদ করতে হবে।

হে ইসলামের মহান দায়ী! মৃত্যুর আকাঙ্খী হও, পাবে তুমি অমর জীবন, আশা ও বিলাস প্রতারণার শিকার হয়ো না, আর আল্লাহ্ সম্পর্কে প্রতারক শয়তানের প্রবঞ্চনা হতে বেঁচে থাক। নফল ইবাদত ও কিতাব অধ্যয়ন যেন কিতাল সম্পর্কে তোমাকে ধোঁকায় না ফেলে। সাবধান! বিলাসিতা যেন তোমাকে এ মহান দায়িত্ব থেকে বিচ্যুত করতে না পারে। আল্লাহ্ বলেছেন ঃ

وَتَوَدُّوْنَ اَنَّ غَيْرَ ذَاتِ الشَّوْكَةِ تَكُوْنُ لَكُمْ

"আর তোমরা কামনা করছিলে তা, যাতে কোন রকম কন্টক নেই।" (আনফাল ঃ ৭)।

জিহাদের ব্যাপারে কারও অন্যায়-অনুসরণ কর না। জিহাদের সার্বজনীন আহ্বানে সাড়া দিতে নেতার অনুমতি নেয়ার প্রয়োজন হয় না। নিশ্চয় জিহাদ দাওয়াতী মিশনের স্তম্ভ, তোমার ধর্মের মজবুত আশ্রয় কেন্দ্র ও তোমার শরীয়তের অতন্দ্র প্রহরী।

উলমায়ে ইসলামকে বলছি ঃ

আপন প্রভূর পানে ফিরে আসতে চায় এ প্রজন্ম। এদের নেতৃত্বদানে এগিয়ে আসুন। দুনিয়ার আসক্তি হতে নিজেকে মুক্ত রাখুন। সাবধান! তাগুত ও খোদাদ্রোহী শক্তির পৃষ্ঠপোষকতা করবেন না। তাহলে আপনার হৃদয়ালোক ছেঁয়ে যাবে অমানিশায়, আপনার আত্মার ঘটবে অপমৃত্যু এবং জনগণ ও আপনার মাঝে সৃষ্টি হবে বিচ্ছিন্নতার বিশাল প্রাচীর।

হে মুসলমান! অলসনিদ্রায় কেটেছে তোমাদের বহু যুগ। তোমাদের জন্মভূমিতে আজ পাপিষ্ঠদের পদচারণা, তারা আবৃত্তি করছে বিজয়ের গান।

কবি কত সুন্দর উক্তি করেছেন ঃ

"গ্লানির নিদ্রা অতি দীর্ঘ হয়ে গেছে, কিন্তু কোথায় বাঘের হুংকার? খোদাদ্রোহী গোষ্ঠী গাইছে বিজয়ের সংগীত আর আমরা করছি দাসত্ব। হায় কবে ভাঙ্গব বন্দীশালা, কবে পাব মুক্তির রাজপথ।

আমি শুনতে পাই, মানবতার কারাগারে বন্দী নির্যাতিত মুসলিম উম্মাহ্ কবির সাথে সুর মিলিয়ে বলছে, মুক্তি চাই, মুক্তি চাই।

হে মহীয়সী নারী সমাজ! আপনারা বিলাসপ্রিয় হবেন না, যা একান্ত প্রয়োজন তাই করুন। অল্পে তুষ্ট থাকুন। আপনার সন্তানকে নির্ভীক, দুর্জয়, সাহসী মুজাহিদরূপে গড়ে তুলুন। আপনার ঘর যেন হয় সিংহ-শাবকের লালনভূমি। তাকে ভীরু মুরগীর চারণক্ষেত্রে পরিণত করবেন না- যারা তাজা ও পুষ্ট হয় অন্য জীবের উদরপূর্তির জন্য। আপনার সন্তানের মাঝে সৃষ্টি করুন জিহাদপ্রেম, তারুণ্যের তেজ ও দিগ্বিজয়ের দূরন্ত নেশা। মুসলমানদের সমস্যা সম্পর্কে সজাগ থাকুন, আপনার জীবনে সপ্তাহের একটি দিন অন্ততঃ এমনভাবে কাটান, যা মুহাজিরীন ও মুজাহিদীনের জীবনাচারের পরিচয় বহন করে। তাদের ন্যায় শুকনো রুটি ও সামান্য তরকারী আপনি আহার করুন। এভাবে ঘরে বসেও আপনি লালন করতে পারেন জিহাদী চিন্তা, বিজয়ীর চেতনা।

ওহে শিশু কিশোর দল! তোমরাই আগামী দিনের তরুণ যুবক, মিল্লাতের আশা-আকাঙ্খার প্রতীক, আজ হতে সামরিক প্রশিক্ষণ নাও। রপ্ত কর যাবতীয় সমর কৌশল। ট্যাংক ও অস্ত্রই হোক তোমার খেলনা। বিলাসবহুল জীবন নয়, তোমার প্রয়োজন কষ্টসহিষ্ণু মুক্ত বিহঙ্গের জীবন। এড়িয়ে চল ফুলশয্যা, বরণ কর কন্টকপূর্ণ গৃহাঙ্গন। সংগীতের সুরের চেয়ে তরবারীর ঝংকার হোক তোমার প্রিয় বিষয়। তবেই ছুড়তে পারবে শত্রুর প্রতি চ্যালেঞ্জ। একদিন তোমার দ্বারা সূচিত হবে মুসলিম মিল্লাতের ঐতিহাসিক বিজয়।

সুপ্রিয়া! হে মোর সহধর্মিনী!

১৯৬৯ এর সে কষ্টকর সময়ের কথা আমার আজও মনে পড়ে। আমাদের ঘরে ছিল দু'কিশোর ও এক শিশুসন্তান, কাঁচা ইটের তৈরী ছিল আমাদের আবাসঘর। ছিল না কোন আলাদা রান্নাঘর। তোমার উপরই ন্যস্ত করেছিলাম পুরো সংসার। একদিন সন্তানরা বড় হল, আমাদের

পরিচিতিও বৃদ্ধি পেল, অতিথিতে সরগরম হয়ে উঠল আমাদের ঘর। আর তুমি ছিলে তখন সন্তান-সম্ভাবা। তোমার কষ্ট ও পরিশ্রমের অন্ত ছিল না। কিন্তু সবকিছুই তুমি হাসিমুখে বরণ করে নিয়েছিলে। তোমার উদ্দেশ্য ছিল আল্লাহর সন্তুষ্টি, লক্ষ্য ছিল আমার সহায়তা করা। আল্লাহ্ তোমাকে সর্বোত্তম প্রতিদানে ভূষিত করুন। সত্যিই আল্লাহর দয়া ও তোমার ধৈর্য না হলে আমার একার পক্ষে এ বিরাট বোঝা উঠান সম্ভব ছিল না।

হে প্রিয়া আমার!

এ জীবনে তোমাকে দেখেছি দুনিয়াবিমুখ, পার্থিব বস্তুর প্রতি ছিল না তোমার কোন অনুরাগ, দরিদ্রতার প্রতি ছিল না তোমার কোন অভিযোগ। আর স্বচ্ছল সময়েও দেখিনি তোমাকে বিলাসিতায় ডুবে থাকতে। দুনিয়াকে সব সময় তুমি রেখেছিলে হাতের মুঠোয়, হৃদয়ে ছিল না দুনিয়ার কোন স্থান।

মনে রাখবে, জেহাদী জীবনই আনন্দ ও সুখের জীবন। জীবনকে বিলাসিতার গড্ডালিকা- প্রবাহে ভাসিয়ে দেয়ায় কোন সুখ নেই। কষ্ট ক্লেশে ধৈর্য ধারণ করা মহত্ত্বের পরিচয়। তাই দুনিয়ার মোহ বর্জন কর, আল্লাহর ভালবাসা পাবে। মানুষের সম্পদ দেখে লোভ কর না, তারা তোমায় ভালবাসবে।

আল-কুরআন মানব জীবনের সেরা সাথী ও সর্বশ্রেষ্ঠ পাথেয়। রাত্রির নামায, নফল রোযা ও গভীর রজনীর ইস্তিগফার অন্তরলোকে আনে স্বচ্ছতা, সৃষ্টি করে ইবাদাতের অনুরাগ এবং পুণ্যবানদের সৎসঙ্গ, স্বল্প সম্পদ, দুনিয়াদারদের থেকে দূরে থাকা এবং ভনিতা থেকে বিরত থাকলে হৃদয়ে প্রশান্তি অনুভূত হয়।

হে প্রিয়া!

আল্লাহর কাছে একান্ত কামনা, জান্নাতুল ফিরদাউসে পুনঃ আমাদের মিলন হোক, যেমনিভাবে দুনিয়াতে মিলিত হয়েছিলাম আমরা দু'টি প্রাণ!

হে আমার কলিজার টুকরা সন্তান-সন্তুতি!

মন ভরে কোন দিন তোমাদের সঙ্গ দিতে পারিনি। আমার শিক্ষা ও তারবিয়াত তোমাদের ভাগ্যে কমই জুটেছে। অধিকাংশ সময় আমি তোমাদের থেকে বহু দূরে থেকেছি, কিন্তু আমি ছিলাম নিরুপায়। তোমরা জান, মুসলমানদের উপর বিপদের কালো মেঘ ছেয়ে আছে, যার গর্জনে দুগ্ধদানকারী মায়ের কোল থেকে তার দুগ্ধপোষ্য শিশু ভয়ে ছিটকে পড়ে যাচ্ছে। উম্মতের সংকটের ব্যাপকতা চিন্তা করলে কিশোর ললাটেও ভেসে

উঠছে বার্ধক্যের বলিরেখা। মুরগীর ন্যায় তোমাদের নিয়ে আমি খাঁচায় বাস করিনি। মুসলমানদের অন্তর বেদনায় জ্বলবে আর আমি আরামে বিশ্রাম নিব, সংসারসুখ উপভোগ করব? দুর্দশায় মুসলমানদের হৃদয় বিদীর্ণ হবে, নির্যাতনে জ্ঞান বিলুপ্ত হবে আর আমি ঘরে বসে থাকব? তা আমার পছন্দ নয়। কোনদিন আমি কামনা করিনি বিলাসী জীবন, সুস্বাদু ভুনা গোস্ত এবং স্ত্রী সন্তান-সন্তুতিদের নিয়ে সংসার-সুখ উপভোগ।

তোমাদের প্রতি আমার ওসিয়াত ঃ

(ক) আহলে সুন্নাত ওয়াল জামাতের আকীদা আঁকড়ে থাকবে।

(খ) নিয়মিত কুরআন তিলাওয়াত করবে ও কুরআন হিফ্য করার চেষ্টা করবে।

(গ) জিহ্বার হিফাযত করবে, সংযত কথা থাকবে।

(ঘ) নিয়মিত সালাত ও সিয়াম পালনসহ সৎসঙ্গ গ্রহণ করবে।

(ঙ) জিহাদী আন্দোলনের সাথে সংশ্লিষ্ট থাকবে। মনে রাখবে, কোন নেতার অধিকার নেই তোমাকে জিহাদ থেকে বিরত রাখার। অথবা দাওয়াত ও ইরশাদের সাথে জড়িত রেখে তোমাকে ভীরু কাপুরুষ ও জিহাদবিমুখ করার। জিহাদ ফী সাবীলিল্লাহর ব্যাপারে কারও অনুমতির অপেক্ষা করবে না। হাতে অস্ত্র তুলে নাও। ঘোড়সওয়ার হও। তবে ঘোড়সওয়ারীর চেয়ে তীরন্দাযী আমার অধিক প্রিয়।

(চ) শরীয়াতের উপকারী ইলম অর্জন করবে।

(ছ) তোমরা সদা তোমাদের বড় ভাই মুহাম্মদকে মান্য করবে, তাকে সম্মান করবে, পরস্পর পোষণ করবে গভীর প্রীতি, শ্রদ্ধা ও ঐকান্তিক ভালবাসা।

(জ) তোমরা তোমাদের দাদা-দাদীর সাথে উত্তম আচরণ করবে, তোমাদের দু'ফুফু উম্মে ফইজ ও উম্মে মুহাম্মদকে শ্রদ্ধা করবে। আল্লাহর পরে তাদের অনুগ্রহ আমার উপর অনেক।

(ঝ) আমার রক্ত সম্পর্ক বজায় রাখবে। আমার পরিবারের সাথে নেক আচরণ করবে এবং আমার বন্ধু-বান্ধবদের হক আদায় করবে।

আবার দেখা হবে বেহেশ্তের পুষ্পকাননে।

-আব্দুল্লাহ আয্যাম

১ম খন্ড সমাপ্ত